পার্শ্বস্থ চিত্র (খ) তে $\overleftrightarrow{AB}$ ও $\overleftrightarrow{CD}$ দুটি পরস্পর ছেদী (বা অসমান্তর) রেখাকে $\overleftrightarrow{EF}$ দুইটি ভিন্ন ভিন্ন বিন্দু P ও Q তে ছেদ করছে।



চিত্র 3.24

চিত্র (ক) যে $\overleftrightarrow{EF}$, অন্য দুরেখা $\overleftrightarrow{AB}$ ও $\overleftrightarrow{CD}$র ছেদক রেখা নয়, এখানে $\overleftrightarrow{AB}$, $\overleftrightarrow{CD}$ ও $\overleftrightarrow{EF}$ কে এক বিন্দুগামী সরলরেখা বলা হয়।

চিত্র (খ) য়ে $\overleftrightarrow{EF}$ অন্য দুইরেখা $\overleftrightarrow{AB}$ ও $\overleftrightarrow{CD}$ র ছেদক রেখা।

3.4.2. ছেদক রেখা দ্বারা উৎপন্ন কোনঃ

চিত্র 3.25 এ l ও m রেখা দ্বয়কে p রেখা ভিন্ন ভিন্ন বিন্দুতে ছেদ করছে। তাই p রেখা এক ছেদক রেখা। প্রত্যেক ছেদ বিন্দু তে কোন সব উৎপন্ন হয়েছে, এবং সে কোন গুলিকে a, b, c, d, e, f, g ও h নামে নামিত করা হয়েছে।



চিত্র 3.25

l রেখা ও p রেখাকে ছেদ বিন্দু তে 4 টি কোন উৎপন্ন হয়েছে। m রেখা ও p রেখার ছেদ বিন্দুতে 4 টি কোন উৎপন্ন হয়েছে।

এই 8 কটি কোনের মধ্যে ভিন্ন ভিন্ন কোনেদের ভিন্নি ভাবে নাম করন করা হয়। সে নাম করন কে নিম্নসারন তে দেখ।

ছেদিত রেখা l ও m ର এর অনঃস্থ কোন : d, c, e, f
ছেদিত রেখা l ও m এর বহিঃস্থ কোন : a, b, h, g
ছেদক রেখা p এর দক্ষিন পার্শ্বস্থ কোন : b, c, f, g
ছেদক রেখা p এর বাম পার্শ্বস্থ কোন : a, d, e, h
অনুরূপ কোন জোড়া : a ও e, d ও h, b ও f, c ও g
একান্তর অন্তঃস্থ কোন জোড়া : d ও f, c ও e
একান্ত অন্তঃস্থ কোন জোড়া : a ও g, b ও h
ছেদক রেখার এক পার্শ্বস্থ অনঃস্থ কোন জোড়া : d ও e, c ও f

চিত্র 3.26 এ ভিন্ন প্রকার কোন জোড়াদের ভিন্ন ভাবে পাহিয়াছে।



চিত্র 3.26

উপরের চিত্র চারটিতে চার জোড়া অনুরূপ কোনের চিত্র আছে।

পার্শ্বস্থ চিত্র 3.27 দুটিতে দুজোড়া একান্তর কোনের চিত্র আছে।



চিত্র 3.27

লক্ষ্য করঃ

চিত্র 3.26 য়ে থাকা প্রত্যেক অনুরূপ কোন জোড়া

- ছেদক রেখার এক পার্শ্বে অপস্থিত। $\angle a$ ও $\angle e$ $\angle d$ ও $\angle h$ কোন জোড়া গুলির ছেদক রেখার বাম পার্শ্বে অবস্থিত। $\angle b$ ও $\angle f$, $\angle c$ ও $\angle h$ কোন জোড়া গুলি ছেদক রেখার ডান পার্শ্বে অবস্থিত।
- ছেদিত রেখা অনুরূপ পাশে অবস্থিত। $\angle a$ ও $\angle e$, $\angle b$ ও $\angle f$ যে প্রত্যেক ছেদিত রেখার ওপর দিকে অবস্থিত। $\angle d$ ও $\angle h$, $\angle c$ ও $\angle g$ প্রত্যেক ছেদিত রেখার তলার পাশে অবস্থিত।

চিত্র 3.27 (খ) য়ে থাকা প্রত্যেক একান্তর কোন জোড়াঃ

- ছেদক রেখার বিপরীত পাশে অবস্থিত। যথাঃ $\angle d$, ছেদক রেখার বামে ও $\angle f$, ছেদক রেখার ডাইনে, $\angle e$, ছেদক রেখার বামে ও $\angle c$. ছেদক রেখার ডাইনে অবস্থিত।
- ছেদক রেখার বিপরীত পার্শ্বে অবস্থিত। যথাঃ $\angle d$, ছেদিত রেখা l র তলার দিকে ও $\angle f$, ছেদিত রেখার m এর ওপর দিকে অবস্থিত। $\angle e$, ছেদিত রেখার m এর ওপর দিকে ও $\angle c$, ছেদিত রেখা l র তলার দিকে অবস্থিত।

উত্তর লেখঃ

পার্শ্বস্থ চিত্রকে দেখে নিম্নর দেওয়া কোন জোড়া গুলি কি প্রকার কোন লেখ।

(ক) $\angle 1$ ও $\angle 5$ (খ) $\angle 3$ ও $\angle 6$

(গ) $\angle 4$ ও $\angle 6$ (ঘ) $\angle 4$ ও $\angle 5$

(ঙ) $\angle 3$ ও $\angle 6$ (চ) $\angle 2$ ও $\angle 6$



চিত্র 3.28

3.4.3 দুটি সমান্তর সরল রেখাও ছেদক

তোমরা জান যে,

এক সমতলের ওপর অঙ্কিত, দুটি সরলেখা পরস্পরকে কোন জাগায় ছেদ না করলে, সে সরলেখা দুটিকে সমান্তর সরলরেখা বলা হয়।

বল দেখিঃ

- তিনটি রেখাকে একটি ছেদক রেখা কতটি বিন্দুতে ছেদ করবে?
- দুটি রেখার জন্যে কয়টি ছেদক রেখা অংকন করা সম্ভব?
- কোন কোন ইংরাজি অক্ষর সমান্তর সরলরেখা থাকা দেখছ লেখ।

নিজে করে দেখঃ

- একটা রুলিং কাগজ নাও বা একটা রুলিং খাতার একটা পৃষ্ঠা খোল।
- স্কেলটি নিয়ে পৃষ্ঠার ওপরে আগের থেকে থাকা দাগ দুটির মধ্যের থেকে পাশাপাশি না থাক দুটি দাগের সহিত মিশিয়ে স্কেলের বারকে রাখ ও তোমার কলমের দাগ ফেল। বর্ত্তমান দেখব - তুমি নিয়ে থাকা দাগ দুটি মোটা হয়ে থাকার তা অন্য দাগের তুলনায় অধিক স্পষ্ট হয়ে গেল।
- এই ভাবে চারজোড়া দাগকে অধিক স্পষ্ট করে দাও। প্রত্যেক জোড়া দাগকে সরলরেখার সংকেত দ্বারা চিহ্নিত কর (অর্থাৎ উভয় দিকে তার চিহ্ন দাও)

- প্রত্যেক জোড়া সরলেখা সমান্তর সরল রেখায় পরিনত হবে (কারন রুলিং কাগজে থাকা দাগ গুলিকে সমস্ত সমান্তর)
- প্রত্যেক জোড়া সমান্তর রেখার জন্যে একটা একটা ছেদক অংকন কর।
- ছেদক রেখা ছেদিত রেখা দ্বয় সহিত যে কোন উৎপন্ন করল সেগুলিকে পার্শ্বস্থ চিত্রে মতন নামকরন কর।



চিত্র 3.29

একটি ট্রেসিং কাগজ নিয়ে ওপরে থাকা চিত্রর ও পরে রাখ। ট্রেসিং কাগজ ওপরে p, q ও t রেখাগুলির সহিত সেখার মত রেখা তিনটি অংকর কর বেং পূর্বচিত্র অনুযায়ী ট্রেসিং কাগজে অংকিত রেখা তিনটির নামাকরন কর। ট্রেসিং কাগজের ওপরে নকল করা কোনকে $\angle 1$, $\angle 2$ নাম দাও।

- বর্তমান ট্রেসিং কাগজটিকে ধীরে ধীরে ওপরের দিকে সরিয়ে নাও। ট্রেসিং কাগজের ওপর অংকিত p রেখা, রুলিং কাগজের ওপরে অংকিত q রেখার সহিত মিলে গেল যাওযার পরে ট্রেসিং কাগজকে স্থির করে রাখ।
- কি দেখছ?

বর্ত্তমান ট্রেসিং কাগজে অংকিত $\angle 2$, রুলিং কাগজে অংকিত $\angle 1$ সহিত সম্পূর্ণ মিশে যাওয়া দেখবে।

তাই আমরা দেখলাম $m\angle 1 = m\angle 2$

- সে ভাবে চিত্রর ওপরে ট্রেসিং কাগজ রেখে পূর্বের মতন কার্য্য কর। নিম্ন কোন জোড়ার মধ্যে থাকা সংস্পর্ক কে স্থির কর।

(ক) $\angle 3, \angle 4$ (খ) $\angle 5, \angle 6$ (গ) $\angle 7, \angle 8$

ওপরের কাজ থেকে আমরা কি পেলাম ?

দুটি সমান্তর সরলরেখাকে একটা ছেদক রেখা ছেদ করলে, উৎপন্ন হওয়া প্রত্যেক জোড়া অনুরূপ কোন সমপরিমান বিশিষ্ট।

এই সিদ্ধান্তকে ব্যবহার করে, আমরা অন্য এক সিদ্ধান্তে পৌছাতে পারব।

চিত্র 3.30 কে দেখঃ

এখানে p ও q দুটি সমান্তর সররেখা ও t সে দুটির ছেদক রেখা অনুরুপ কোন হেতু $m\angle 4 = m\angle 8$। কিন্তু t ও q রেখা দ্বয় পরস্পরকে ছেদ করতে থাকায় প্রতীপ হেতু $m\angle 8 = m\angle 6$ এবং $m\angle 4 = m\angle 6$।

পুনশ্চ, সেরকম অনুরূপ হেতু $m\angle 7 = m\angle 5$

কিন্তু t ও q রেখাদ্বয় পরস্পরকে ছেদ করতে থাকায় প্রতীপ হেতু $m\angle 7 = m\angle 5$ ।

তাই $m\angle 3 = m\angle 5$ ।



চিত্র 3.30

$\angle 4$ ও $\angle 6$ এবং $\angle 3$ ও $\angle 5$ কোন জোড়াগুলি কি প্রকার কোন জোড়া ?

উপরোক্ত প্রত্যেক জোড়া কোন পরস্পর একান্তর।

তাই আমাদের সিদ্ধান্ত হল ঃ

দুটি সমান্তর সরলরেখাকে, একটা ছেদক রেখা ছেদ করলে উৎপন্ন হয়ে থাকা প্রত্যেক জোড়া একান্তর কোন সমপরিমান বিশিষ্ট হয়ে থাকে।

এই সিদ্ধান্তকে ব্যবহার করে আমরা অন্য এক সিদ্ধান্ত পৌছতে পারব।

চিত্র 3.30তে সরল জোড়ার হেতু $\angle 6$ ও $\angle 7$ পরস্পর পরিপূরক। কিন্তু, অনুরূপ কোন হেতু $m\angle 3 = m\angle 7$ ।

তাই $\angle 6$ ও $\angle 3$ পরস্পর পরিপূরক। সেরকম সরল জোড়ার হেতু $\angle 1$ ও $\angle 4$ পরস্পর পরিপূরক তাই $\angle 5$ ও $\angle 4$ পরস্পর পরিপূরক।

$\angle 6$ ও $\angle 3$ এবং $\angle 5$ ও $\angle 4$ কোন জোড়া গুলি কি প্রকার কোন জোড়া ?

এই কোন জোড়া দ্বয় পরস্পর ছেদক রেখার এর পার্শ্বস্থ অন্তস্থ কোন।

তাই আমাদের সিদ্ধান্ত হল ঃ

দুটি সমান্তর সরলেখাকে একটা ছেদক রেখা, ছেদ করলে, উৎপন্ন হওয়া ছেদক রেখার পার্শ্বস্থ অন্তর্স্থ কোন দ্বয় পরস্পর পরিপূরক অর্থাৎ, সে কোন দ্বয়ের পরিমানের সমষ্টি 180^0।

একান্তর কোন জোড়া, অনুরূপ কোন জোড়া ও ছেদক রেখার এর পার্শ্বস্থ অন্তস্থ কোন জোড়াদের সহজে চিহ্নিট করার জন্যে নিম্ন পাতে চিত্রদের লক্ষ কর।



চিত্র 3.31

চিত্র 3.31 (ক), (খ) ও (গ) প্রত্যেক রে একটা ইংরাজী অক্ষরন এর বিভিন্ন অবস্থত দেখতে পাওয়া যাচ্ছে। এ সমস্ত ক্ষেত্রে এক জোড়া অনুরূপ কোন চিহ্নিত করা হয়েছে। তাই F আকৃতিতে অনুরূপ কোন থাকে

(ঘ) ও (ঙ) প্রত্যেক চিত্র একটা ইংরাজী অক্ষর Z এর বিভিন্ন অবস্থা দেখতে পাওয়া যাচ্ছে।

এ সমস্ত ক্ষেত্রে এক জোড়া একান্তর কোন চিহ্নিত করাহয়েছে। তাই Z আকৃতি একান্তর কোন দর্শান হয়ে

(চ) ও (ছ) প্রত্যেক চিত্রয়ে কেটা ইংরীজী অক্ষর U র বিভিন্ন অবস্থঅ দেখতে পাওয়া যাচ্ছে।।

এ সমস্ত ক্ষেত্রে এক জোড়া ছেদক রোখার এক পার্শ্বস্থ অন্তস্থ কোন চিহ্নিত করা হয়েছে। তাই U আকৃতি ছেদক রেখার এক পার্শ্বস্থ অন্তস্থ কোনকে দর্শায়।

এক জোড়া সমান্তর সরলরেখা অংকর কর এবং সে রেখা দুটির এক ছেদক রেখা অংকন কর। ছেদক রেখা দ্বারা উৎপন্ন কোন গুলিকে মেলে নিম্ন উক্তির গুলির সত্যতা পরীক্ষা কর।

(ক) অনুরূপ কোনগুলি সমপরিমান বিশিষ্ট।

(খ) একান্ত কোন গুলি সমপরিমান বিশিষ্ট।

(গ) ছেদক রেখার এক পার্শ্বস্থ অন্তঃস্থ কোনগুলি পরস্পর পরিপূরক।

3.5 সমান্তর রেখা চিহ্নট ঃ



চিত্র 3.32

চিত্র 3.32র দুই জোড়া সরলেখা দেখছ।

(ক) চিত্রয় থাকা সরলরেখা $\overleftrightarrow{AB}$ ও $\overleftrightarrow{CD}$ কে দেখলে জানা যাচ্ছে যে সে দুটির ডান দিকে থাকা অংশ পরস্পরকে ছেদ করে। তাই রেখা দ্বয় **অসমান্তর।**

কিন্তু (খ) চিত্র য়ে থাকা রেখা দ্বয় $\overleftrightarrow{PQ}$ ও $\overleftrightarrow{RS}$ কে কোন দিকে থাকা অংশ পরস্পরকে ছেদ করবে করবে তা জানা পড়ছে কি? PQ সহিত ও অন্যটিকে RS সহিত লাগিয়ে রাখ। (পার্শ্বস্থ চিত্রের মতন) স্কেলের বার দুটি পরস্পরে সহিত লেগে যাচ্ছে না। তাই রেখাদ্বয়কে ডানদিকে বা বাম দিকে বইয়ের পৃষ্ঠা ভেতরে পরস্পরকে ছেদ করবে না বলে জানা যাচ্ছে, কিন্তু কেবল রেখাদ্বয় চিত্রকে দেখে, তারা কোন স্থানে ছেদ করবে কি না তা জানা যাবে না। তাই আমাদের একটা পদ্দতি স্থির করতে হবে। বা রেখা দ্বয় সমান্তর কি না তা জানায় সাহায্য করবে।



চিত্র 3.33

বর্ত্তমান দেখব দুটি রেখার এক ছেদক রেখা সে রেখাদ্বয়ের সহিত উৎপন্ন করা অনুরূপ বা একান্তর বা ছেদক রেখার এক পার্শ্বেস্থ অনঃস্থ কোন সাহায্যে, রেখাদ্বয় সমান্তর কি না জেনে তা জানবার কোন উপায় আছে কি?

নিজে করে দেখ ঃ

- তুমি তোমার সেট্ স্কোয়ারে কে ব্যবহার করে কি ভাবে দুটি সমান্তর সরলরেখা অংকন করেছিলো মনে ফেল। চিত্র 3.34 সেই প্রনালী দর্শা হয়েছে।
- তুমি সেটস্কোয়ারটিকে একটা স্কেলের যারে লাগিয়ে (ক চিত্রর মতন) স্থানে রাখ ও তার সমকোন সংলগ্ন বার কে লাগিয়ে একটা রেখা খন্ড অংকন কর।
- আবার সেট স্কোয়ার কে (খ চিত্রের মতন) অন্য এক স্থানে সরিয়ে নিয়ে পূর্ব বারকে লাগিয়ে আর একটা রেখা খন্ড অংকন কর। রেখা খন্ড দুটিকে AB ও CD নাম দাও। পাওয়া রেখা খন্ড AB ও CD পরস্পর সমান্তর।



চিত্র 3.33

চিত্র 3.35 রে AB ও CD রেখা খন্ডের জন্যে স্কেলের বার এক ছেদক রেখার মত রয়েছে।



চিত্র 3.35

ফলে $\angle 1$ ও $\angle 2$ এক জোড়া অনুরূপ কোন। $\angle 1$ ও $\angle 2$ প্রত্যেক সেট্ স্কোয়ারের সমকোনের নকল। তাই আমরা দেখলাম উপরিস্থ অংকন পদ্ধতিতে আমরা এক জোড়া একান্তর কোনকে, সমপরিমান বিশিষ্ট কোরে দিলাম। এর দ্বারা দুটি সমান্তর রেখা খন্ড বা সমান্তর রেখা পেলাম।

তাই আমরা জানলাম -

দুটি সরলরেখাকে এক ছেদক রেখা ছেদ করলে, উৎপন্ন হওয়া এক জোড়া অনুরূপ কোন যদি, সমপরিমান বিশিষ্ট হয়, তবে রেখা দুটি সমান্তর হয়।

পার্শ্বস্থ চিত্রে সরলেখা l ও m লেগে t রেখা এক ছেদক বলে ধরে নেওয়া যাক। ছেদক রেখার বাম পার্শ্বস্থ অন্তস্থ কোন $\angle 2$ ও $\angle 3$ পরস্পর পরিপূরক।

সরল জোড়া হেতু $\angle 1$ ও $\angle 2$ পরস্পর পরিপূরক।

$\therefore m\angle 3 = m\angle 1$

কিন্তু এ কোন দুটি পরস্পর অনুরূপ

তাই $l \parallel m$



চিত্র 3.36

ফলে আমরা দেখলাম ঃ

ছেদক রেখার এক পার্শ্বস্ত অন্তস্ত কোনদ্বয় পরস্পর পরিপূরক হলে, অনুরূপ কোনদ্বয় সর্বত্র সমপরিমান বিশিষ্ট হয়।

কিন্তু অনুরূপ কোনদ্বয় সমপরিমান বিশিষ্ট হলে, রেখা দ্বয় সমান্তর হয়।

তাই আমরা জানলাম ঃ

দুটি সরলরেখা কে, একটি রেখা চ্ছেদ করলে, যদি ছেদক রেখার এক পার্শ্বস্থ অন্তঃস্ত কোনদ্বয় পরস্পর পরিপূরক হয় তবে রেখা দ্বয় সমান্তর হবে।

নিজে উত্তর দিতে চেষ্টা কর।



চিত্র 3.37

উপরিস্থ (ক), (খ) ও (গ) চিত্রেয়ে থাকা জোড়া রেখা জোড়ার মধ্যে থেকে কোন রেখা জোড়া সমান্তর এবং কোন রেখা জোড়া অসমান্তর স্থির কর। নিজের উত্তরের জন্যে কারন দর্শাও।

অভ্যাস কার্য্য 3.3

1. পার্শ্বস্থ চিত্র দেখে নিম্ন প্রশ্নের উত্তর দাও।



(ক) $\angle 1$ ও $\angle 5$ কি প্রকার কোনের জোড়া?
আর যে কোন গুলি সেই প্রকার, সেগুলির নাম লেখ।

(খ $\angle 3$ ও $\angle 5$ কোন প্রকার কোনের জোড়া ?
সেই প্রকার অন্য কোনের জোড়ার নাম লেখ।

(গ) $\angle 2$ ও $\angle 5$ কোন প্রকার কোনের জোড়া ?
সেই প্রকার অন্য কোন জোড়ার নাম লেখ।

2. পার্শ্বস্থ চিত্রে সরলরেখা p ॥ q এবং রেখা t এক ছেদক। উৎপন্ন হওয়া কোনেদের মধ্যে একটি কোনের পরিমান 65^0 চিত্রয়ে দেওয়া হয়েছে। অন্য চারটি কোনর পরিমানকে a, b, c, d সংকেদ দ্বারা দর্শা হয়েছে। a, b, c ও d প্রত্যেকের মান নির্ণয় কর।



3. নিম্নয়ে থাকা চার জোড়া রেখাদের মধ্যে কোন জোড়া সমান্তর ও কোন জোড়া অসমান্তর বল। তোমা উত্তর সপক্ষে যুক্তি দর্শাও।



(ক)



(খ)



(গ)



(ঘ)

4. পার্শ্বস্থ চিত্রয়ে সরলরেখা l ॥ m এবং সরলরেখা p ॥ q । চিত্রতে একটা কোন্র পরিমান 75^0 দেওয়া হয়েছে। অন্য তিনটি কোনের পরিমানকে a, b, c সংকেত দ্বারা সুচিত করা হয়েছে। a, b ও c র মান নির্ণয় কর।



5. পার্শ্বস্থ চিত্র মতন 60^0 পরিমান বিশিষ্ট $\angle ABC$ অংকন করে $\overrightarrow{BC}$ ওপরে কে বিন্দু চিহ্নত কর, তার নাম দাও D।

D বিন্দুতে $\overleftrightarrow{DE}$ (চিত্রয় দর্শাও যাওয়ার মতন) অংকর কর যেমন $\overrightarrow{DE}$ ॥ BA হবে।

এই কার্যের জন্যে $\angle BDE$ কোনের পরিমান কত নিয়ে $\overrightarrow{DE}$ অংকন করবে? কারন লেখ।



চতুর্থ অধ্যায়

ঘাতাঙ্ক ও ঘাতরাশি

4.1 আমরা যা জেনেছি ঃ-

ষষ্ঠ শ্রেনীতে আমরা ঘাতরাশি সম্বন্ধে বেশ কিছু শিখেছি কোন সংখ্যা বা রাশিকে আবার ও ঘাতাঙ্ক মাধ্যমে প্রকার করলে তাকে ঘাতরাশি বলা হয়।

যথা : $32 = 2 \times 2 \times 2 \times 2 \times 2 = 2^5$

এখানে 32 কে 2^5 রূপে প্রকাশ করা হল, সেখানে সাধারন 2এবং ঘাতাঙ্ক 5।

আমরা বলি 32 হচ্ছে '2' য়ের পঞ্চম ঘাত।

সংখ্যা : 32
ঘাতাঙ্ক রূপ : 2^5
2^5 এক ঘাতরাশি

উত্তর লেখ ঃ

- 16, 2 আধারের কোন ঘাত?
- 3 আধারের চতুর্থ ঘাত কত?
- 125, কোন আধারের তৃতীয় ঘাত?
- 216 কে কোন ক্ষুদ্রতম আধার বিশিষ্ট ঘাত রাশি রূপ প্রকাশ করতে পারব।

4.2 ঘাতক রাশি ঃ

পৃথিবীর বস্তুত্ব কত তোমরা বলতে পারবে কি?

ইহা হচ্ছে প্রায় 5,970,000,000,000,000,000,000,000 কি.গ্রা. ইহা কে পড়তে চেষ্টা কর।

সেরকম যুরেন্সর বস্তুতত্ব হচ্ছে প্রায় 86,800,000,000,000,000,000,000,000 কি.গ্রা ।

এমন বল য়ুরেন্স ও পৃথিবীর মধ্যে কার বস্তুত্ব বেশী ?

এমন অনেক বড় বড় সংখ্যা আছে, যেগুলিকে পড়া বলা তথা তুলনা করা করা কষ্ট কর। এ সিংখা গুলিকে পড়া, বোধ না ও তালনা করার জন্যে আমরা ঘাতরাশি ব্যবহার করে থাক, বড় সংখ্যাকে আমরা আধার ও ঘা মাধ্যম প্রকাশ করে থাকি।

উদাহরন স্বরুপ $100000 = 10 \times 10 \times 10 \times 10 \times 10 = 10^5$

এখানে '10' আধার এবং '5' ঘাতাঙ্ক

100000 বের ঘাতক্ষীয় রুপ হচ্ছে 10^5।

সেরকম 1000 রের ঘাতক্ষীর রুপ 10^3।

কারন $1000 = 10 \times 10 \times 10 = 10^3$

যে সংখ্যাকে সমান সমান উৎপাদক দের গুনফল রুপে প্রকাশ করা যয়, সেই সংখ্যাকে ঘাতক্ষীয় রূপে প্রকাশ করতে পারব।

একটা সংখ্যাকে বিস্তারিত প্রনালীতে লেখা প্রনালী আমরা জানি।

যথা ঃ $23574 = 2\times10000+3\times1000+5\times100+7\times10+4\times1$

একটা সংখ্যাকে বিস্তারিত প্রনালীতে লেখা প্রনালী আমরা জানি।

$23574 = 2\times10^4+3\times10^3+5\times10^2+7\times10^1+4\times1$

এখানে লক্ষ কর 10000, 1000, 100, 10 যথাক্রমে $10^4, 10^3, 10^2, 10^1$ মতন ঘাতঙ্কীয় রুপে লেখা হয়েছে।

তুমি সে ভাবে 135724 ও 2164593 কে বিস্তারিত রূপে লেখ।

তুমি লিখে থাকা বিস্তারিত রূপকে 10 আধার বিশিষ্ট ঘাতক রাশিতে প্রকাশ কর।

যেমন কতক সংখ্যাকে কেবল 10 আধার বিশিষ্ট ঘাতক রাশিতে প্রকাশ করা যেতে পারে। (যেমন $1000=10^3$), সেরকম কতক সংখ্যাকে অন্য আধার বিশিষ্ট ঘাতক রাশিতেও প্রকাশ করা যেতে পারে।

যথা ঃ $81 = 3\times3\times3\times3 = 3^4$

$64 = 4\times4\times4 = 4^3$, অথবা $64 = 2\times2\times2\times2\times2\times2 = 2^6$

নিজে করে লেখ ঃ

নিম্ন সারনীর শূন্যস্থান গুলিকে পূরন করার চেষ্টা কর।

সংখ্যা	ঘাতঙ্কীয় রূপ	আধার	ঘাতঙ্ক
125		5	
128			7
243			3
256		4	
216			3

উপরোক্ত আলোচনায় আমরা উভয় আধার ও ঘাতাঙ্ক প্রত্যেক গনন সংখ্যা ভাবে নিয়েছি।

বর্ত্তমানে ঋনামৎক পূর্ণ সংখ্যাকে আধার এবং গনন সংখ্যাকে ঘাতাঙ্ক রূপে নিয়ে কতক সংখ্যাক ঘাতঙ্গীয় রুপ স্থির করব।

$-8 = (-2)\times(-2)\times(-2) = (-2)^3$,

$81 = (-3)\times(-3)\times(-3)\times(-3) = (-3)^4$,

$25 = (-5)\times(-5) = (-5)^2$

জান কি?
25 কে 25^1 রূপে লিখব। 25^1 কে 25 এর ঘাতঙ্কীয় বলে না বলা ভাল।

বল দেখিঃ

81কে যেভাবে $(-3)^4$ ও $(+3)^4$ রূপে প্রকাশ করা যেতে পারছে। সেরকম (-8) কে (-2) ও $+2$ উভয় আধার বিশিষ্ট ঘাত রাশিতে প্রকাশ করতে পারা যাবে কি ? কারনলেখ।

উদাহরন - 1

2^3 ও 3^2 ঘাত রাশির মধ্যে কোনটি এসেছে।

সমাধানঃ

$2^3 = 2 \times 2 \times 2 = 8$

$3^2 = 3 \times 3 = 9$

8 থেকে 9 বড়, এতএব 2^3 থেকে 3^2 বড়।

উদাহরন - 2

নিম্ন সংখ্যা গুলির ঘাতঙ্কীয় রূপে প্রকাশ করা কোন ক্ষেত্রে আধারটি এক মৌলিক সংখ্যা ?

(ক) 10000 (খ) 625 (গ) 729

$$\begin{array}{r|l} 5 & 625 \\ \hline 5 & 125 \\ \hline 5 & 25 \\ \hline & 5 \end{array} \qquad \begin{array}{r|r} 3 & 729 \\ \hline 3 & 243 \\ \hline 3 & 81 \\ \hline 3 & 27 \\ \hline 3 & 9 \\ \hline & 3 \end{array}$$

সমাধানঃ

(ক) $10000 = 10 \times 10 \times 10 \times 10 = 10^4$

(খ) $625 = 5 \times 5 \times 5 \times 5 = 5^4$

(গ) $729 = 3 \times 3 \times 3 \times 3 \times 3 \times 3 = 3^6$

625 ও 729 ক্ষেত্রে আধার মৌলিক সংখ্যা।

উদাহরন - 3

নিম্ন সংখ্যা গুলিকে ঋনাত্মক আধার ঘাত রূপে লেখ।

(ক) -27 (খ) -32

$$\begin{array}{r|r} -3 & -27 \\ \hline -3 & +9 \\ \hline & -3 \end{array} \qquad \begin{array}{r|r} -2 & -32 \\ \hline -2 & +16 \\ \hline -2 & -8 \\ \hline -2 & +4 \\ \hline & -2 \end{array}$$

সমাধান ঃ

(ক) $-27 = (-3) \times (-3) \times (-3) = (-3)^3$

(খ) $-32 = (-2) \times (-2) \times (-2) \times (-2) \times (-2) = (-2)^5$

উদাহরন - 4

নিম্ন ঘাতঙ্কীয় রাশিগুলিকে বিস্তারিত রূপে লেখ।

(ক) a^4 (খ) b^5 (গ) $(ab)^3$

সমাধান ঃ

(ক) $a^4 = a \times a \times a \times a$

(খ) $b^5 = b \times b \times b \times b \times b$

(গ) $(ab)^3 = ab \times ab \times ab$

$= a \times b \times a \times b \times a \times b = a \times a \times a \times b \times b \times b$

উদাহরন - 5

নিম্ন ঘাত রাশি গুলির মানস্থির কর।

$(1)^5$, $(-1)^3$, $(-1)^6$, $(-10)^3$, $(-2)^3$

বল দেখি?
$(1)^{10}$ ও $(1)^8$ মধ্যরে বড় কোনটি?
$(-1)^5$ ও $(-1)^{11}$ মধ্যরে ছোট কোনটি?

সমাধান ঃ

$(1)^5 = 1\times1\times1\times1\times1 = 1$

$(-1)^3 = (-1)\times(-1)\times(-1)$
$= 1\times(-1) = -1$

$(-1)^6 = (-1)\times(-1)\times(-1)\times(-1)\times(-1)\times(-1)$
$= 1\times1\times1 = 1$

$(-10)^3 = (-10)\times(-10)\times(-10)$
$= 100\times(-10) = -1000$

$(-2)^3 = (-2)\times(-2)\times(-2)$
$= (+4)\times(-2) = -8$

ঋনাত্মক আধার বিশিষ্ট এক ঘাতরাশির ঘাতাঙ্ক যুগ্ম সংখ্যার হলে, ঘাতরাশিটি ঋনাত্মক হয়। সেই রকম, ঋনাত্মক আধার বিশিষ্ট একটি ঘাতরাশির ঘাতাঙ্ক অযুগ্ম সংখ্যা হলে। ঘাতরশিটি কি প্রকার হচ্ছে পরীক্ষা করে দেখ।

উদাহরন - 6

নিম্ন সংখ্যা গুলিকে মৌলিক সংখ্যার ঘাতরাশি দের গুনফল রূপে প্রকাশ কর।

(ক) 500 (খ) 392

সমাধান ঃ

(ক) $500 = 2\times2\times5\times5\times5$
$= 2^2\times5^3$

(খ) $392 = 2\times2\times2\times7\times7$
$= 2^3\times7^2$

$$\begin{array}{r|l} 2 & 500 \\ \hline 2 & 250 \\ \hline 5 & 125 \\ \hline 5 & 25 \\ \hline & 5 \end{array} \qquad \begin{array}{r|l} 2 & 392 \\ \hline 2 & 196 \\ \hline 2 & 98 \\ \hline 7 & 49 \\ \hline & 7 \end{array}$$

জান কি?

(-1) এর ঘাত অযুগ্ম সংখ্যা হলে ঘাতরাশির মান -1 এর ঘাত (-1) যুগ্ম সংখ্যা হলে, ঘাত রাশির মান কত? 1 হবে।

অভ্যাস কার্য্য 4.1

1. নিম্ন ঘাত রাশি দের মান স্থির কর।

(ক) 2^6 (খ) 9^3 (গ) 10^4 (ঘ) 5^4

2. নিম্ন সংখ্যাদের ঘাতাঙ্কীয় রূপে প্রকাশ কর। প্রত্যেক ক্ষেত্রে আবার ও ঘাতঙ্ককে চেনাও।

(ক) 512 (খ) 343 (গ) 729 (ঘ) 625

3. ঘাতাঙ্কীয় রুপে প্রকাশ কর।

(ক) $6 \times 6 \times 6 \times 6 \times 6$

(খ) $3 \times 3 \times 3 \times 3 \times 3 \times 3$

(গ) $p \times p \times p$

(ঘ) $a \times a \times a \times a \times a$

(ঙ) $r \times r \times r \times r \times r \times r$

4. দেওয়া হয়ে থাকা ঘাত রাশির মধ্যে কে বড় স্থির কর।

(ক) 4^3 ও 3^4

(খ) 5^3 ও 3^5

(গ) 2^8 ও 8^2

(ঘ) 2^{10} ও 10^2

বল দেখি ঃ
0^5 ও 0^{13} মধ্যে কে বড় বলতে পারবে কি?

5. নিম্ন সংখ্যাদের মৌলিক সংখ্যাগলির ঘাত রাশির গুনফল রূপে প্রকাশ কর।

(ক) 648 (খ) 432 (গ) 3600

6. সরল কর।

(ক) 2×10^3 (খ) $7^2 \times 2^2$

(গ) $2^3 \times 5^2$ (ঘ) $3^2 \times 4^3$

(ঙ) $3^2 \times 2^3 \times 5^2$ (চ) $5^2 \times 3^2 \times 2^2$

7. সরল কর।

(ক) $(-4)^3$ (খ) $(-2)^3 \times (-3)^2$

(গ) $(-3)^2 \times 2^4$ (ঘ) $(-2)^3 \times (-10)^3$

4.3. ঘাতাঙ্কায় নিয়ম ঃ

4.3.1. সম আধার বিশিষ্ট ঘাত রাশিদের গুনন ঃ

উদাহরন - 1

এস, $2^2 \times 2^3$ কে ঘাত রাশি রুপে প্রকাশ করব।

$2^2 \times 2^3$

$= (2 \times 2) \times (2 \times 2 \times 2)$

$= 2 \times 2 \times 2 \times 2 \times 2 = 2^5 = 2^{2+3}$

যেহেতু, 5 কে (2+3) রূপে লেখা যেতে পারে।

দুটি 2 তিনটি 2 এর গুনন হচ্ছে পাচঁটি 2 এর গুনন 2^2ও 2^3 সম আধার বিশিষ্ট হেতু $2^2 \times 2^3 = 2^{2+3}$হবে।

উদাহরন- 2

সেরকম $(3)^4 \times (3)^3 = \{(3) \times (3) \times (3) \times (3)\} \times \{(3) \times (3) \times (3)\}$

$= (3) \times (3) \times (3) \times (3) \times (3) \times (3) \times (3) = (3)^7 = (3)^{4+3}$

তাই $(3)^4 \times (3)^3 = (3)^{4+3}$

উদাহরন - 3

$a^2 \times a^6 = (a \times a) \times (a \times a \times a \times a \times a \times a)$

$= a \times a \times a \times a \times a \times a \times a \times a = a^8$

তাই $a^2 \times a^6 = a^{2+6}$

আমরা পেরে থাকা গুনফলকে নিম্ন সারনীতে লিখব।

উদাহরণ	প্রথম ঘাতরাশি	দ্বিতীয় ঘাত রাশি	ঘাত রাশি দ্বয়ের পূর্ণফল
1	2^2	2^3	2^5
2	3^4	3^3	3^7
3	a^2	a^6	a^8

ওপরের সারনীর থেকে তুমি কি লক্ষ করছ?

আমরা নিম্ন সিদ্ধান্তে উপনীত হব।

$$a^m \times a^n = a^{m+n}$$

এখানে a এক ঋনাত্মক পূর্ণসংখ্যা এবং m ও n প্রত্যেক একটা একটা গনন সংখ্যা।

1. নিজে পরীক্ষা করে সত্যতা প্রতিপালন কর।

   (ক) $3^2 \times 3^3 = 3^5$ (খ) $4^2 \times 4^2 = 4^4$

2. প্রত্যেককে একটা ঘাতরাশি তে প্রকাশ কর।

   (ক) $2^3 \times 2^5$ (গ্ব) $p^3 \times p^4$ (গ) $5^2 \times 5^3$

এস আবার বিশিষ্ট তিনটি ঘাত রাশির গুনন করব।

$5^2 \times 5^3 \times 5^4 = (5^2 \times 5^3) \times 5^4$ (গুননের সহযোগী নিয়ম)

$= 5^{2+3} \times 5^4$ (ঘাত রাশির গুননের নিয়ম)

$= 5^{2+3+4}$ (ঘাত রাশির গুনন নিয়ম)

$= 5^9$

সেরকম, $a^m \times a^n \times a^p = (a^m \times a^n) \times a^p$ (গুননের সহযোগী নিয়ম)

$= a^{m+n} \times a^p$ (ঘাত রাশির গুনন নিয়ম)

$= a^{m+n+p}$ (ঘাত রাশির গুনন নিয়ম)

বল দেখিঃ
$2^3 \times 3^2$ মান নির্ণয় করার সময়, তোমরা ঘাতাঙ্ক কে যোগ করতে পারবে কি? কারন বল।

$$a^m \times a^n \times a^p = a^{m+n+p}$$

যেখানে a একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা m, n ও p প্রত্যেক একটা একটা জন গনন সংখ্যা।

4.3.2 সম আধার বিশিষ্ট ঘাত রাশি দ্বয়ের মধ্যে ভাগক্রিয়া

এখান সম আধার বিশিষ্ট দুটি ঘাত রাশি মধ্যে ভাগ করব, যেখানে ভাজ্যের ঘাতাঙ্ক, ভাজকের ঘাতাঙ্কর থেকে বড়।

প্রথম উদাহরন ঃ $3^5 \div 3^3$ কে সরল করব।

$$3^5 \div 3^3 = \frac{3^5}{3^3} \quad \frac{3\times3\times3\times3\times3}{3\times3} = 3^2 = 3^{5-3} \quad (\text{যেহেতু } 2 = 5-3)$$

$$\therefore 3^5 \div 3^3 = 3^{5-3}$$

দ্বিতীয় উদাহরন ঃ $$5^4 \div 5^2 = \frac{5^4}{5^2} = \frac{5\times5\times5\times5}{5\times5} = 5^2 = 5^{4-2}$$

$$\therefore 5^4 \div 5^2 = 5^{4-2}$$

তৃতীয় উদাহরন : a একটা ধনাত্মক পূর্ণ সংখ্যা হলে $a^7 \div a^4$ কত স্থির করব।

$$\frac{a^7}{a^4} = \frac{a\times a\times a\times a\times a\times a\times a}{a\times a\times a\times a} = a^3 = a^{7-4}$$

অতএব $\frac{a^7}{a^4} = a^{7-4}$

এস, উপরে আলোচনা করা যাওয়া তিনটি উদাহরনকে লক্ষ করব।

প্রথম উদাহরণ ঃ $3^5 \div 3^3 = 3^{5-3}$

দ্বিতীয় উদাহরন ঃ $5^4 \div 5^2 = 5^{4-2}$

তৃতীয় উদাহরন ঃ $a^7 \div a^4 = a^{7-4}$

উপরোক্ত, উদাহরণ তিনটিরে তুমি কি লক্ষ করছ?

লক্ষ কর, প্রত্যেক উদাহরনে

- ভাজ্য ও ভাজকে উভয় আবার সমান ভাগফলের আবার ও ভাজ্য বা ভাজকের আধার সঙ্গে সমান।
- ভাগফলের ঘাতাঙ্ক পাওয়ার জন্যে নেওয়া হয়েতাকার ভাজ্যের ঘাতাঙ্কর থেকে ভাজকের ঘাতঙ্কের বিয়োগ করা হয়েছে। সাধারন ভাবে ইহাকে আমরা নিম্ন মত বলতে পারব।

a এক ধনাত্মক পূর্ণ সংখ্যা এবং m ও n গনন সংখ্যা (যেখানে $m > n$) হলে $a^m \div a^n = a^{m-n}$

একটা ঘাত রাশির ঘাত নির্ণয় ঃ

(ক) $2^9 \div 2^3$

(খ) $10^5 \div 10^3$

(গ) $9^{11} \div 9^7$

(ঘ) $20^{15} \div 20^7$

বল দেখি ঃ
এই নিয়মের সাহায্য নিয়ে 4^5 কে 2^5 দ্বারা ভাগ করতে পারব কি? (সূচনা ঃ প্রথমে 4^5 কে 2 আধার বিশিষ্ট ঘাত রাশি তে পরিণত কর)

4.3.3 একটা ঘাত রাশির ঘাত নির্ণয়।

(i) (2^3) কে একটা $(3^3)^4$ ঘাত রাশিতে পরিনত করব।

$(2^3)^2 = 2^3 \times 2^3 = 2^{3+3}$ (ঘাত রাশির গুনন নিয়ম)

তাই $(2^3)^2 = 2^{3\times2}$

(ii) সেই রকম $= 3^2 \times 3^2 \times 3^2 \times 3^2$

$= (3^2 \times 3^2) \times (3^2 \times 3^2)$ (গুননের সহযোগী নিয়ম)

$= 3^{2+2} \times 3^{2+2}$ (ঘাতরাশির গুনন নিয়ম)

$(3^3)^4$

$= 3^{2+2+2+2}$ (ঘাত রাশির গুনন নিয়ম)

$= 3^{2\times4}$

(iii) সেইরকম a একটা ধনাত্মক পূর্ণ সংখ্যা হলে কত স্থির করব।

$= a^3 \times a^3 \times a^3 \times a^3 = (a^3 \times a^3) \times (a^3 \times a^3)$ (কোন নিয়ম ব্যবহার হয়েছে?)

$= a^{3+3} \times a^{3+3}$ (কোন নিয়ম ব্যবহার হয়েছে?)

$= a^{3+3+3+3}$ (কোন নিয়ম ব্যবহার হয়েছে)

$= a^{3\times4}$

উপরোক্ত উদাহরন থেকে আমরা নিম্ন সিদ্ধান্তে উপনীত হলাম।

a এক ধনাত্মক পূর্ণ সংখ্যা এবং m ও n প্রত্যেক গুনন সংখ্যা হলে ইহাকে ঘাত রাশির ঘাত নিয়ম বলা হয়।

✍ নিম্ন ঘাত রাশির ঘাতকে এক ঘাত রাশিতে প্রকাশ কর।

(ক) $(7^3)^6$ (খ) $(5^2)^3$ (গ) $(4^3)^5$

4.3.4 সম ঘাতাঙ্ক বিশিষ্ট দুটি ঘাত রাশির গুনন।

(I) $2^3 \times 3^3$ কে একটা ঘাত রাশিতে পরিনত করব।

$2^3 \times 3^3 = 2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 3$

$= (2 \times 3) \times (2 \times 3) \times (2 \times 3)$

$= (2 \times 3)^3$

$\therefore 2^3 \times 3^3 = (2 \times 3)^3$

(ii) $4^4 \times 3^4 = 4 \times 4 \times 4 \times 4 \times 3 \times 3 \times 3 \times 3$

$= (4 \times 3) \times (4 \times 3) \times (4 \times 3) \times (4 \times 3)$

$= (4 \times 3)^4$

$\therefore 4^4 \times 3^4 = (4 \times 3)^4$

(iii) সেই রকম a ও b উভয়ে একটা করে ধনাত্মক পূর্ণসংখ্যা হলে -

$$a^5 \times b^5 = a \times a \times a \times a \times a \times b \times b \times b \times b \times b$$

$$= (a \times b) \times (a \times b) \times (a \times b) \times (a \times b) \times (a \times b)$$

$$a^5 \times b^5 = (a \times b)^5$$

$$\therefore\ a^5 \times b^5 = (a \times b)^5$$

উপরোক্ত উদাহরকন থেকে আমরা নিম্ন সিদ্ধান্তে উপনীত হলাম।

> a ও b প্রত্যেকে একটা করে ধনাত্মক পূর্ণ সংখ্যা হলে
> $a^m \times b^m = (ab)^m$ (যেখানে m একটা গনন সংখ্যা)

নিম্ন সমধাতঙ্ক বিশিষ্ট ঘাত রাশি দ্বায়ে গুনফল কে এক একটা ঘাত রাশিতে প্রকাশ কর।

(ক) $5^2 \times 3^2$ (খ) $3^3 \times a^3$ (গ) $a^4 \times b^4$

(a ও b প্রত্যেকে ধনাত্মক পূর্ণ সংখ্যা)

উদাহরন ঃ

$3^2 \times 5^2$ ও $(5^2)^3$ মধ্যে কোন রাশিটি বড় স্থির কর।

সমাধান ঃ

প্রথম প্রনালী ঃ

$3^2 \times 5^2 = (3 \times 5)^2$

$= (15)^2 = 225$

সুতরাং $5^2 = (3 \times 5)^2$

বিকল্প প্রনালীঃ

$3^2 \times 5^2 = 9 \times 25$ বা 25 এর 9 গুন

$(5^2)^3 = (25)^3$

$= 25 \times 25 \times 25$

$= 25 \times (25 \times 25)$

$= 25 \times 625$ বা 25 এর 625 গুণ

$\therefore$ $3^2 \times 5^2$ অপেক্ষা $(5^2)^3$ বড়।

উদাহরন ঃ

$[(2^2)^3 X 3^6] X 5^6$ কে একটা ঘাতরাশিতে প্রকাশ কর।

সমাধান ঃ $[(2^2)^3 X 3^6] X 5^6 = [(2^{3x2} X 3^6] x 5^6$ (ঘাত রাশির ঘাত নিয়ম)

$= [(2^6 x 3^6] x 5^6$

$= (2 \times 3)^6 \times 5^6$ (সম ঘাতাঙ্ক বিশিষ্ট ঘাত রাশির গুনন নিয়ম)

$= 6^6 \times 5^6$

$= (6 \times 5)^6$ (সম ঘাতাঙ্ক বিশিষ্ট ঘাতক রাশির গুনন নিয়ম)

$= 30^6$

অভ্যাস কার্য্য 4.2

1. ঘাতাঙ্কীয় নিয়ম ব্যবহার করে এক ঘাত রাশির পরিণত কর।

(ক) $2^3 \times 2^4 \times 2^5$ (খ) $6^{15} \div 6^{12}$ (গ) $a^3 \times a^7$

(ঘ) 7×7^2 (ঙ) $5^2 \div 5^3$ (চ) $2^5 \times 3^5$

(ছ) $a^4 \times b^5$ (জ) $(3^4)^2 \times (2^6)^2$ (ঞ) $(2^{10} \div 2^8) \times 2^3$

2. সরল করে এক ঘাতক রাশিতে পরিনত কর।

(ক) $\dfrac{2^3 \times 3^4 \times 4}{3 \times 3^3}$ (খ) $\dfrac{3 \times 7 \times 11^8}{21 \times 11^3}$

(গ) $[(5^2)^3 \times 5^4] \div 2^7$ (ঘ) $25^4 \div 5^3$

(ঙ) $\dfrac{3^7}{3^4 \times 3^3}$ (চ) $\dfrac{2^4 \times a^5}{4^2 \times a}$

(ছ) $(2^3 \times 2)^2 \div 2^5$ (ঞ) $\left(\dfrac{a^5}{a^3}\right) \times a^8$

3. নিম্ন সংখ্যাকে মৌলিক সংখ্যা আধার বিশিষ্ট একাধিক ঘাত রাশিকে গুনফল রূপে প্রকাশ কর।

(ক) 270 (খ) 768 (গ) 108×192 (ঘ) 729×64

4. সরল কর ঃ

(ক) $\{(4)^2\}^2$ (খ) $(6)^3 + (6)$ (গ) $(2)^3 \times (3)^3 \div (6)^3$

(ঘ) $(5)^2 \times (5)^4 \div (5)^2$ (ঙ) $\dfrac{(2^5) \times 7^3}{8^3 \times 7}$ (চ) $\dfrac{3^2 \times 10^5 \times 25}{5^3 \times 6^4}$

4.4. বৈজ্ঞানিক পদ্ধতিতে সংখ্যা লিখন।

বিভিন্ন ক্ষেত্রে আমরা 65,000; 125,00,000; 35,00,000,00 অব্দি বড় বড় সংখ্যা গুলি (অধিক অঙ্ক বিশিষ্ট সংখ্যা ব্যবহার করি। এমন কি কতক তথ্যকে ও বড় সংখ্যা দ্বারা ই প্রকাশ করে থাকি।

যেমন —



- পৃথিবীর থেকে সূর্যের দূরত্র প্রায় 149,600,000,000 মি.।
- আলোকের বেগ সেকেন্ড প্রতি প্রায় 300,000,000 মিটার।
- পৃথিবীর বস্তুত্ব হচ্ছে প্রায় 5,976,000,000,000,000,000,000,000 কি. গ্রা।

এর কম বড় বড় সংখ্যাকে ছোট আকারে লিখলে হিসেব করা, মনে রাখা ও বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার করা সুবিধে জনক হয়ে থাকে।

এস দেখব, সেগুলিকে কিভাবে সংক্ষিপ্ত আকারে লেখা যায়।

এখন বল, এই রকম বড় বড় সংখ্যা গুলিকে কি ভাবে সংক্ষিপ্ত আকারে লেখা

যায়।

এখন বল:

$$48 = 4.8 \times 10 = 4.8 \times 10^1$$

$$480 = 4.8 \times 100 = 4.8 \times 10^2$$

$$4800 = 4.8 \times 1000 = 4.8 \times 10^3$$

$$48000 = 4.8 \times 10000 = 4.8 \times 10^4$$

বলত দেখিঃ
48000000 কে কেমন লেখা যাবে।

এখানে সংখ্যাগুলিকে একটা নিৰ্দিষ্ট রূপে লেখা হয়েছে।

প্রত্যেক সংখ্যাকে দুটি সংখ্যার গুনফল রূপে প্রকাশ করা হয়েছে।

সে দুটির মধ্যে —

- প্রথমটি হচ্ছে একটা দশমিক সংখ্যা যার দশমিক বিন্দুর আগে কেটা মাত্র অঙ্ক আছে এর ফলে সংখ্যাটি 1 বা তার থেকে বড় কিন্তু 10 এর থেকে ছোট।
- অন্যটি 10 আধার বিশিষ্ট একটি ঘাত রাশি, যার ঘাতাঙ্ক বা একটা গনন সংখ্যা

যথা — 480 = 4.8 × 10^2

সংখ্যা   দশমিক সংখ্যা   10 আধার বিশিষ্ট ঘাত রাশি

আর একটা উদাহরণ নেব।

130,000,000 সংখ্যা যে আমরা নিম্ন মতে প্রকাশ করতে পারব।

$$130,000,000 = 1.3 \times 100000000$$
$$= 1.3 \times 10^8$$

পূর্বোক্ত উদাহরন গুলির থেকে দেখালাম যে, মূল সংখ্যা টি কে দুটি সংখ্যার গুনফল রূপে প্রকাশ করা হয়েছে।

প্রথমটি হচ্ছে 1 বা তার থেকে বড় ও 10 থেকে ছোট একটা দশমিক সংখ্যা। অন্যটি 10 আধার বিশিষ্ট একটি ঘাত রাশি, যার ঘাতাঙ্ক এক গনন সংখ্যা।

উপরিক্ত পদ্ধতিতে প্রকাশিত সংখ্যা রূপকে সংখ্যার প্রমানিক রূপ বা মানকে রূপ এবং প্রকাশ পদ্ধতিটি কে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয়।

আমরা একটা সংখ্যার প্রমানিক রূপ কি ভাবে পাই তা নিম্মক্তো দেখ।

3768.2 প্রামানিক রূপে প্রকাশ করব।

$$= \frac{3768.2}{1000} \times 1000$$
$$= 3.7682 \times 1000$$
$$= 3.7682 \times 10^3$$

[যেহেতু প্রথম অংশটি 3.7682 হওয়া আবশ্যক, তাই 1000 দ্বারা ভাগ করা হল। সংখ্যাটি না বদলানের জন্যে 1000 দ্বারা গুনন করা হল।]

তবে, 1,00,000 কে কি ভাবে প্রামানিক রূপে প্রকাশ করব।

$$
\begin{aligned}
1{,}00{,}000 &= 1\times 1{,}00{,}000 \\
&= 1.0\times(10\times10\times10\times10\times10)\ [\because 1=1.0] \\
&= 1.0\times 10^{5}
\end{aligned}
$$

তাই প্রামানিক রূপে প্রথম সংখ্যাকে 1 অথবা 1 ও 10 মধ্যবর্ত্তী এক দশমিক সংখ্যা ভাবে নেওয়া যেতে পারে।

(টোকা: 1 থেকে ছোট হয়ে থাকা এক ধনাত্মক দশমিক সংখ্যা (যেমন 0.0000345) কে কি ভাবে প্রামানিক রূপে প্রকাশ করা হয় তা পরে জানব)

উদাহরন ঃ

নিম্ন সংখ্যা গুলির প্রামানিক রূপ দর্শাও।

(ক) 65,950 (গ) 5985.3

(খ) 34,30,000 (ঘ) 783.14

সমাধান ঃ

(ক) 65,950 $= 6.595\times 10000 = 6.5950\times 10^{4}$

(খ) 34,30,000 $= 3.43\times 1000000$

$= 3.43\times 10^{6}$

(গ) $5985.3 = 5.9853\times 1000 = 5.9853\times 10^{3}$

(দশমিক বিন্দুটে বাম দিকে অস্থান সরে গেল)

(ঘ) 783.14 $= 7.8314\times 100$

$= 7.8314\times 10^{2}$

অভ্যাস কার্য্য 4.3

1. (ক) আলোকের গতি সেকেন্ড প্রতি 300,000,000 মিটার। এই বেগকে প্রামানিক রুপে প্রকাশ কর।

(খ) পৃথিবী থেকে চন্দ্রের হারাহারি, দুরত্ব প্রায় 384000000 মিটার উক্ত দুরত্বর প্রামানিক রুপ লেখ।

2. নিম্নয়ে কতগুলি সংখ্যার প্রামানিক রূপ দেওয়া হয়েছে, সংখ্যা টিকে লেখ।

(ক) 9.8×10^{4} (খ) 1.385×10^{7}

(গ) 5.15×10^{10} (ঘ) 3.9×10^{11}

3. নিম্ন দেওয়া প্রত্যেক উক্তিতে থাকা সংখ্যার প্রমানিক রুপ লেখ।

(ক) পৃথিবীর ব্যাস প্রায়। 1,27,56,000 মিটার।

(খ) সূর্য্যর প্যাস প্রায় 1,400,000,000 মিটার।

(গ) শনি গ্রহর থেকে সূর্যের দূরত্ব প্রায়, 1,433,500,000,000 মিটার।

(ঘ) পৃথিবীতে প্রায় 1,353,000,000 ঘন কি.মি সমুদ্রের জল আছে।

পঞ্চম অধ্যায়

পরিমেয় সংখ্যা

5.1 আমরা যা জানিঃ

আমরা পূর্বে স্বাভাবিক সংখ্যা (1, 2, 3.................) ও তাদের নিয়ে চার মৌলিক গানিতিক প্রক্রিয়া সম্পাদন বিষয়ে জেনেছি। তারপরে '0' সহিত সমস্ত গনন সংখ্যাকে সম্প্রসারিত স্বাভাবিক সংখ্যা (0, 1, 2, 3.........) ও দাতের মধ্যে চার মৌলিক সানিতিক প্রক্রিয়া সম্বন্ধে ও জানলাম । সম্প্রসারিত স্বাভাবিক সংখ্যার সহিত ঋনাত্মক পূর্ণ সংখ্যা সম্বন্ধে জেনেছি। উক্ত সংখ্যাদের সংপৃক্ত চার গানিতিক প্রক্রিয়া ও তাদের ধর্ম বিষয়ে ও জেনেছি। ভগ্ন সংখ্যা বিষয়ে ও জেনেছি, যেখানে ভগ্ন সংখ্যা লব ও হর সর্বদা ঋনাত্মক পূর্ণ সংখ্যা। এই অধ্যায় আমরা সংখ্যা পদ্ধতি সংগকে অধিক আলোচনা করব।

5.2 পরিমেয় সংখ্যার আবশ্যকতা

মনে কর তুমি গনিতে 100 থেকে 45 নম্বর পেয়েছে। এই 100 থেকে 45 কে সংখ্যার রুপে $\frac{45}{100}$ লেখা যায়। $\frac{45}{100}$ কে এক ভগ্ন সংখ্যা বলে তুমি জান, সেইরকম একজন 100 টাকা আনাচ কিনে তা কে বিক্রি করাযে তার 38 টাকা ক্ষতি করার কথাকে 100 টাকায় ক্ষতি 38টাকা বলা হয়। এই ক্ষেত্রে ক্ষতি 38 টাকা অথবা লাভ 38 টাকা বলে বলা হয়। ‘‘100 টাকায়– 38 টাকা লাভকে আমরা ‘‘লাভ $\frac{-38}{100}$ ’’ ভাবে লিখে থাকি।

মনে কর, তোমাদের কাছে থাকা মিস্ত্রি 8 ভাগের 3 ভাগ হরিকে দিলে। তবে হরিকে দিয়ে থাকা মিস্ত্রি পরিমানকে তোমার মিস্ত্রির $\frac{3}{8}$ রুপে লেখা যেতে পারবে। 100 টাকায় কিনে বিনা লাভ বা ক্ষতি তে বিক্রি করলে আমরা বলি 100 টাকার লাভ বা ক্ষতি 0 টাকা, এ পিরিস্থিতি কে সুানর জন্যে $\frac{0}{100}$ লিখতে পারব।

লক্ষ্য করঃ $\frac{45}{100}, \frac{38}{100}, \frac{3}{8}$ হচ্ছে একটা একটা ভগ্ন সংখ্যা।

এস, সংখ্যা রেখা নিয়ে, কতক সংখ্যাকে উপস্থাপন করব।



সংখ্যা রেখাতে +1 ও +2 র ঠিক মধ্য বিন্দুকে A ভাবে মুলক হয়েছে। A বিন্দু সুচীতে থাকা সংখ্যাটি হচ্ছে $1\frac{1}{2}$ বা $\frac{3}{2}$ । এখন বল ; '0' র বাম দিকে–1 ও – 2 মধ্য বিন্দুটি কোন সংখ্যাকে সুচাবে। তুমি নিশ্চয় বলবে যে, ইহা এই বিন্দু

$-1\frac{1}{2}$ কে সুচাচ্ছে। $-1\frac{1}{2}$ বা $\frac{-3}{2}$ এর মত সংখ্যা সহিত আমরা পূর্ব পরিচিত নই। এণন সংখ্যাকে ভগ্ন সংখ্যা বলতে পারব না। ইহা একটি পরিমেয় সংখ্যা

$\frac{45}{100}, \frac{3}{7}, \frac{0}{100}, \frac{3}{2}, \frac{-3}{2}$ এর মতন সংখ্যাগুলি হচ্ছে একটা একটা পরিমেয় সংখ্যা এমন তলায় দেওয়া উদাহরনকে লক্ষ্য কর।

2 হচ্ছে একটা ধনাত্মক পূর্ণ সংখ্যা। ইহার যোগত্মক বিলোমী হচ্ছে – 2।

এখন বল, 2 এর সঙ্গে কত যোগ করলে যোগফল 0 হবে।

সেই রকম,

+5 সহিত কত যোগ করলে যোগফল 0 হবে।

+5 সহিত – 5 যোগ করলে যোগফল 0 হবে?

এখন বল, $\frac{1}{2}$ এর সঙ্গে কত যোগ করলে যোগফল 0 হবে?

$\frac{2}{5}$ এর সহিত কত যোগ করলে যোগফল 0 হবে?

জান কি?
কোন সে সংখ্যা সহিত তার যোগাত্মক বিলোমী কে যোগ করলে যোগফল 0 হবে।

তোমরা নিশ্চয়ই বলবে, কোন ভগ্ন সংখ্যার সহিত, তার যোগাৎমক বিলোমীকে যোগ করলে যোগফল 0 হবে। অর্থাৎ প্রত্যেক ভগ্ন সংখ্যার এর যোগাত্মক বিলোমী সংখ্যা আছে।

প্রসারিত স্বাভাবিক সংখ্যার সহিত সমস্ত ঋনাত্মক পূর্ণসংখ্যা এবং ভগ্ন সংখ্যা ও তাদের যোগাত্মক বিলোমীকে একত্র নিয়ে পরিমেয় সংখ্যা সমূহ গঠিত।

যে সংখ্যাকে $\frac{p}{q}$ রূপে প্রকাশ করে হতে থাকবে, তাহা এক পরিমেয় সংখ্যা। যেখানে p ও q উভয় পূর্ণ সংখ্যা ও q এর মূল্য 0 হতে থাকবে না।

$\frac{p}{q}$ রে প্রকাশিত পরিমেয় সংখ্যাতে p কে লব ও q কে হর বলা হয়।

উত্তর লেখঃ

(ক) 3 টি পরিমেয় সংখ্যা লেখ, যার লব ধনাত্মক।

(খ) 3 টি পরিমেয় সংখ্যা লেখ, যার লব ঋনাত্মক।

(গ) 3 টি পরিমেয় সংখ্যা লেখ, যার লব শূন্য।

(ঘ) 3 টি পরিমেয় সংখ্যা লেখ যার হর ধনাত্মক।

5.2.1. ধনাত্মক এ ঋনাত্মক সংখ্যা।

$\frac{2}{3}, \frac{5}{7}, \frac{9}{13}, \frac{3}{8}$ পরিমেয় সংখ্যা গুলিতে লব ও হর উভয়ে ধনাত্মকে পূর্ণ সংখ্যা।

এমন সংখ্যাকে ধনাত্মক পূর্ণসংখ্যা বলা হয়।

যে পরিমেয় সংখ্যার লব বা হর মধ্যের থেকে কোন একটা ঋনাত্মক, তা'কে ঋনাতক পরিমেয় সংখ্যা বলা হয়।

উদাহরন ঃ $\frac{-1}{3}, \frac{-4}{5}, \frac{3}{-7}, \frac{5}{-8}$ ইত্যাদি

$\frac{-3}{-5}$ একটি পরিমেয় সংখ্যা

ইহার লব ও হর উভয়ে ঋনাতকে পূর্ণসংখ্যা

লক্ষ্যকর, $\frac{-3}{-5} = \frac{(-3)\times(-1)}{(-5)\times(-1)} = \frac{3}{5}$

অর্থাৎ $\frac{-3}{-5}$ হচ্ছে এক ঋনাত্মকপূর্ণ সংখ্যা

অর্থাৎ, যে পরিমেয় সংখ্যার লব ও হর উভয়ে ঋনাত্মক পূর্ণ সংখ্যা।

0 এক প রিমেয় সংখ্যা , যা ধনাত্মক নয় কি ঋনাত্মক ও নয়

যেহেতু, $\frac{0}{7} = \frac{0}{-3} = \frac{0}{18} = 0$

2,3,5, হচ্ছে একটা একটা পূর্ণ সংখ্যা যে গুলিকে যথাক্রমে $\frac{2}{1}, \frac{3}{1}$ ও $\frac{5}{1}$ ভাবে লিখতে পারব।

> জান কি?
>
> $\frac{0}{-3}$ হচ্ছে একটা পরিমেয় সংখ্যা '0' সহিত সমান।

ইহাকে এমন ভাবে লিখতে পারব।

$2 = \frac{2}{1} = \frac{4}{2} = \frac{8}{4} = \ldots\ldots\ldots\ldots\ldots$

$3 = \frac{3}{1} = \frac{6}{2} = \frac{9}{3} = \ldots\ldots\ldots\ldots\ldots\ldots$

$-4 = \frac{-4}{1} = \frac{4}{-1} = \frac{-8}{2} = \frac{8}{-2} = \ldots\ldots\ldots\ldots\ldots$

> জান কি?
>
> 5 কে সেই মত কি করে লিখতে পারব।

এখানে দেখলে প্রত্যেক পূর্ণ সংখ্যাকে $\frac{p}{q}$ রুপে প্রকাশ করা যেতে পার যেখানে। p ও q একটা একটা পূর্ণ সংখ্যা $q \neq 0$।

> জান কি?
>
> $q \neq 0$ কে q , 0 সহ সমান নহে বলে পরা যায়।

অর্থাৎ প্রত্যেক পূর্ণ সংখ্যা একটা পরিমেয় সংখ্যা।

$\frac{1}{2}, \frac{1}{7}$ হচ্ছে একটা একটা ভগ্ন সংখ্যা। এই ভগ্ন সংখ্যা গুলি একটা একটা পরিমেয় সংখ্যা কেন?

বিন্দু $3, \frac{-2}{3}, \frac{0}{2}, \frac{-5}{7}, \frac{3}{-8}$ হচ্ছে পরিমেয় সংখ্যা কিন্তু এরা ভগ্ন সংখ্যা নয়।

অর্থাৎ প্রত্যেক ভগ্ন সংখ্যা একটা একটা পরিমেয় সংখ্যা, কিন্তু প্রত্যেক পরিমেয় সংখ্যা ভগ্ন সংখ্যা নয়।

যেমন,

10 টি পরিমেয় সংখ্যা লেখ।

তাদের মধ্যে থেকে 5 টি উভয় ভগ্ন সংখ্যাও পরিমেয় সংখ্যা হবে এবং অন্য পাঁচটি কেবল পরিমেয় সংখ্যা হবে, কিন্তু ভগ্ন সংখ্যা হবে না।

5.3 পরিমেয় সংখ্যার প্রামানিক রূপ ঃ

নিম্ন লিখিত পরিমেয় সংখ্যা গুলিকে লক্ষ্য কর ঃ

$\frac{3}{5}, \frac{-5}{8}, \frac{4}{7}, \frac{-9}{11}, \frac{-3}{13}$

উপরোক্ত প্রত্যেক পরিমেয় সংখ্যার লব ও হরের সাধারন গুন নিয়ক 1 ও প্রত্যেক হর ঋনাত্মক পূর্ণসংখ্যা এবং কেবল লবও উভয় ঋনাত্মক পূর্ণ সংখ্যা এবং কেবল লব ও উভয় ধনাত্মক পূর্ণ সংখ্যা আছে। এ পিরিমেয় সংখ্যা গুলিকে, পরিমেয় সংখ্যার প্রামানিক রূপে আছে

কোন গুলি প্রামানিক রূপে আছে?

$\frac{5}{12}, \frac{-5}{7}, \frac{3}{4}, \frac{-45}{30}, \frac{12}{-19}, \frac{36}{-24}, \frac{28}{35}$

5.3.1 প্রামানিক রূপে না থাকা পরিমেয় সংখ্যাকে প্রমানিক রূপে পরিবর্ত্তন ঃ

উদাহরন ঃ $\frac{-45}{60}$ কে প্রামানিক রূপে প্রকাশ কর,

সমাধান ঃ

প্রথম প্রনালী

$$\frac{-45}{60} = \frac{-45 \div 3}{60 \div 3} = \frac{-15}{20} = \frac{-15 \div 5}{20 \div 5} = \frac{-3}{4}$$

কিম্বা

দ্বিতীয় প্রনালী ঃ

45 ও 60 এর গ.সা.গু. = 15

তাই $\frac{-45}{60} = \frac{-45 \div 15}{60 \div 15} = \frac{-3}{4}$

এখন বল -

- উভয় প্রনালীতে উত্তর সমান হচ্ছে কি?
- উভয় প্রনালীতে উত্তর নির্ণয় করায় কি কি ভিন্নতা আছে?

উদাহরন ঃ নিম্ন পরিমেয় সংখ্যা গুলির প্রামানিক রূপ লেখ।

(ক) $\frac{48}{-36}$ (খ) $\frac{-21}{-35}$

সমাধান ঃ

(ক) 48 ও 36এর গ.সা.গু = 12

$\frac{48}{-36}$ এর প্রামানিক রূপ জানার জন্যে আমাদের উত্তর লব ও হরকে (– 12) দ্বারা ভাগ করতে হবে।

$$\therefore \frac{48}{-36} = \frac{48 \div (-12)}{-36 \div (-12)} = \frac{-4}{3}$$

(খ) 21 ও 35র গ.সা. গু = 7

$\frac{-21}{-35}$ কে প্রামানিক রূপে প্রকাশ করার জন্যে ইহার লব ও হর কে উভয়কে (– 7) দ্বারা ভাগ করতে হবে।

$$\frac{-21}{-35}=\frac{-21\div(-7)}{-35\div(-7)}=\frac{3}{5}$$

জান কি?

কোন পরিমেয় সংখ্যার প্রামানিক রূপের জন্যে উভয় লব ও হরকে তাদের গ.সা.গু দ্বারা ভাগ করা হবে। যদি হরটি ঋনাত্মক থাকে তবে, উভয় লব ও হরকে গ.সা.গু র ঋনাত্মক রূপ দিয়ে ভাগ করা হবে।

5.3.2. পরিমেয় সংখ্যাকে সংখ্যারে খায় প্রকাশ ঃ

আমরা আগের থেকে পূর্ণ সংখ্যাদের সংখ্যারে খাযে সুচাতে জানি। বর্ত্তমান পরিমেয় সংখ্যাকে কি ভাবে সুচাব তা আলোচনা করব। সংখ্যা রেখার '0' র ডাইনে ধনাত্মক সংখ্যাকে বাসে ঋনাত্মক সংখ্যাগুলিকে দর্শা হয়ে থাকে।



এস দেখব, পরিনয় সংখ্যাকে কি করে সংখ্যা রেখারে উপস্থাপন করা যায়। মনে কর আমি $\frac{1}{2}$ কে সংখ্যা রেখাকে উপস্থাপন করব। এখন আমরা 0 ও 1 র মর্ধবর্ত্তী দূরত্বকে দুই সমান ভাগ করব মনে কর সে মধ্যবিন্দু 'P'।



তাই OP = PA = $\frac{1}{2}$

এখন আমরাঃ $\frac{-1}{2}$ কে সংখ্যা রেখার দেখান আমরা জানি $\frac{1}{2}$ থেকে $\frac{-1}{2}$ যোগ করলে যোগফল 0 হবে।

অর্থাৎ, সংখ্যা রেকাতে 0 থেকে $\frac{1}{2}$ এর দূরত্ব ডান দিকে যত, 0 থেকে $\frac{-1}{2}$ এর দূরত্ব বাম দিগে তত।

✍ তুমি নিম্ন সংখ্যা রেখায় $\frac{-1}{2}$ কে দেখাতে দেয়া কর।



লক্ষ্য কর ঃ 0 থেকে A' এর দূরত্বা 1 একক । 0 থেকে বাম দিকে থাকায় A' সূচক সংখ্যাটি হচ্ছে –1 । 0 ও A' এর মধ্যবর্ত্তী বিন্দু $\frac{-1}{2}$ ।

মনে কর, আমরা $\frac{3}{2}$ ও $\frac{-3}{2}$ কে সংখ্যা রেখার উপমাপন করব।

প্রথমে $\frac{3}{2}$ কে মিশ্র সংখ্যায় পরিনত কব। $\frac{3}{2}$ মিশ্র সংখ্যাকে পরিনত করলে $1\frac{1}{2}$ হবে।

এখান থেকে আমরা জানলাম ইহা 1 ও 2 র মধ্যে অবস্থান করবে। সেরকম ও   এর অবস্থিতি হচ্ছে -1 ও -2 এর মধ্যে। কারন $\frac{3}{2}$ টি র ডানদিকে যতদুরে আছে $\frac{-3}{2}$ টি 0 র বাম দিকে ততটা দূরে আছে



উদাহরনঃ

$\frac{5}{3}$ ও $\frac{-5}{3}$ কে সংখ্যা রেখায় স্থাপন করঃ

সমাধানঃ

সোপান 1 : $\frac{5}{3}$ এক অপ্রকৃত ভগ্ন সংখ্যা $\frac{5}{3}$ কে মিশ্র সংখ্যায় প্রকাশ করলে $1\frac{2}{3}$ হবে।

সোপান 2 : $1\frac{2}{3}$ এর মানে তাই 1 ও 1 এর দুই তৃতীয়াংশ তাই ইহা 1 ও 2 মধ্যে থাকবে।

সোপান 3 : $\frac{5}{3}$ বা $1\frac{2}{3}$ কে সংখ্যা রেখায় দেখাত হলে 1 ও 2 এর মধ্যবর্ত্তী দূরত্বক সমান তিন ভাগে ভাগ করে সেখান থেকে 2 ভাগ নিতে হবে।



সোপান 4 : A ও B র মধ্যবর্ত্তী দূর তাকে সমান 3 ভাগ করে।– $1\frac{2}{3}$ কে P বিন্দু দ্বারা দেখান হয়েছে।

সোপান 5 : '0' থেকে 'P' এর দূরত্ব যত, 0 র বাম দিকে তত দূরে যাক বিন্দুটি হচ্ছে $1\frac{2}{3}$ বা $\frac{-5}{3}$ । ইহাকে Q বিন্দু দ্বার দেখান হয়েছে।

✍ সংখ্যা রেখা অঙ্কনকরে সেখানে $\frac{7}{3}$ ও $\frac{-7}{3}$ কে দেখাও।

অভ্যাস কার্য্য 5.1

1. নিম্ন পরিমেয় সংখ্যা গুলির মধ্যে ধনাত্মক ও ঋনাত্মক পরিমেয় সংখ্যা গুলিকে বাছ।

$\frac{5}{5}, \quad \frac{2}{9}, \quad \frac{3}{-5}, \quad \frac{5}{12}, \quad \frac{-3}{-17}, \quad \frac{-25}{-6}, \quad \frac{-13}{9}, \quad \frac{-15}{28}, \quad \frac{5}{-6}$

2. নিম্ন পরিমেয় সংখ্যা গুলিকে তাদের প্রামানিক রূপে প্রকাশ কর।

(ক) $\frac{-22}{55}$ (খ) $\frac{16}{-24}$ (গ) $\frac{77}{132}$ (ঘ) $\frac{64}{24}$ (ঙ) $\frac{-27}{-15}$

3. $\frac{-55}{-27}$ কে প্রামানিক রূপে প্রকাশ করার সোপান গুলিকে লেখ

4. নিম্ন পরিমেয় সংখ্যা গুলিকে ভিন্ন ভিন্ন সংখ্যা রেখার ওপর দেখাও।

(ক) $\frac{2}{3}$ (খ) $\frac{-4}{5}$ (গ) $\frac{-8}{3}$ (ঘ) $\frac{5}{2}$

5.4 পরিমেয় সংখ্যায় চার মৌলিক গানিতিক প্রক্রিয়া,

পূর্বে আমরা ভগ্নাংশ যোগ, বিয়োগ, গুনন ও ভাগ প্রক্রিয়া সংস্পর্কে আলোচনা করেছি। এখানে আমরা পরিমেয় সংখ্যার যোগ, বিয়োগ, গুনন ও ভাগ সম্পর্কে পর্যায় ক্রমে আলোচনা করব।

5.4.1 পরিমেয় সংখ্যাদের যোগ ঃ

জান কি?

1 কে $\frac{3}{3}$, 2 কে $\frac{6}{3}$ ও 3 কে $\frac{9}{3}$ ভাবে লেখা হয়।

- এসো, সম হর বিশিষ্ট দুটি পরিমেয় সংখ্যাকে যোগ করব।

  বুলনা $\frac{8}{3}$ ও $\frac{-4}{3}$ কে যোগ করার জন্যে সংখ্যা রেখা টেনে পূর্ণসংখ্যা উপস্থাপন করল।
- বুলনা প্রথমে যোগ করতে থাকা সংখ্যা দুটিকে মিশ্র সংখ্যায় পরিনত করল, সে পেল

  $\frac{8}{3}=2\frac{2}{3}$ ও $\frac{-4}{3}=-1\frac{1}{3}$
- সে সংখ্যা রেখায় –2 থেকে –1, –1 থেকে 0, 0 থেকে 1, 1 থেকে 2, 2 থেকে 3 মধ্যে থাকা ঘর গুলিকে সমান তিন ভাগে পরিনত করল

$$-2\frac{2}{3}+\left(-1\frac{1}{3}\right)=\left(-1\frac{1}{3}\right)+2\frac{2}{3}$$

বর্ত্তমান বল ঃ-



- –2 ও –1 মধ্যে কতটি ছোট ভাগ আছে? প্রত্যেক ছোট ভাগে দৈর্ঘ্য, কোন সংখ্যাকে বোঝায়।
- $-1\frac{1}{3}$ ঘরটি শূন্য এর কোন পাশে থাকবে?
- $-1\frac{1}{3}$ সংখ্যাটি কোন দুটি পূর্ণসংখ্যার মধ্যে আছে?
- $-1\frac{1}{3}$ সহিত $2\frac{2}{3}$ মেশাতে হলে, সংখ্যা রেখার ডান বা বামের মধ্যে কোন দিকে যেতে হবে?
- $-1\frac{1}{3}$ থেকে $2\frac{2}{3}$ ঘরের ডান দিকে এলে আমরা কোথায় পৌছঁব?
- অর্থাৎ সংখ্যা দুটির যোগফল কত পেলে?

✍ সংখ্যা রেখা অংকন করে যোগফল নির্ণয় কর।

(ক) $\frac{-1}{2}+\frac{3}{2}$ (খ) $\frac{3}{4}+\frac{-7}{4}$

সম হর বিশিষ্ট পরিমেয় সংখ্যাদের যোগ করবার অন্য এক উপায় জানব। নিম্ন উদাহরণ গুলিকে লক্ষ কর।

উদাহরন (ক) $\frac{3}{7}+\left(\frac{-6}{7}\right)$ (খ) $\frac{1}{-2}+\frac{3}{-2}$ (গ) $\frac{3}{-4}+\left(\frac{-1}{4}\right)$

সমাধানঃ (ক) $\frac{3}{7}+\left(\frac{-6}{7}\right)=\frac{3+(-6)}{7}=\frac{-3}{7}$

(খ) $\frac{1}{-2}+\frac{3}{-2}=\frac{1+3}{-2}=\frac{-4}{2}=-2$

(গ) $\frac{3}{4}+\left(\frac{-1}{4}\right)=\frac{3+(-1)}{4}=\frac{2}{4}$

জান কি?

দুটি সমহর বিশিষ্ট পরিমেয় সংখ্যার যোগ করার সময় যোগফলরে হরকে, সমান রেখে, লব দুটি যোগফল কে লব রূপে ব্যবহার করা হয়।

✍ উত্তর নির্ণয় করঃ

(ক) $\frac{5}{7}+\left(\frac{-6}{7}\right)$ (খ) $-1\frac{3}{5}+\frac{2}{5}$

এখন হর অসমান হয়ে থাকা পরিমেয় সংখ্যাদের যোগফল নির্ণয় করব।

দুটি পরিমেয় সংখ্যাকে যোগ করার সময়ে প্রথমে তাদের সম হর বিশিষ্ট করা হয়, তারপর নূতন পরিমেয় সংখ্যা দ্বয়ের নবর সমগ্রিক লব রূপে এহবং সাধারন হর টিকে হর রূপে নিয়ে যে নতুন পরিমেয় সংখ্যাটি পাওয়া যায়, তা তাদের যোগফল।

- দুটি ধনাত্মক পরিমেয় সংখ্যার যোগ।

$$\frac{3}{5}+\frac{2}{7}=\frac{21}{35}+\frac{10}{35}=\frac{21+10}{35}=\frac{31}{35}$$

লক্ষ্য কর এখানে $\frac{3}{5}$ এর হর 5 ও $\frac{2}{7}$ এর হর হচ্ছে 7,

5 ও 7 এর ল.সা.গু 35 অর্থাৎ $\frac{3}{5}$ ও $\frac{2}{7}$ প্রত্যেককে 35 হর বিশিষ্ঠ সংখ্যাকে পরিনত করা যাবে।

2য় প্রনালী : $\frac{3}{5}+\frac{2}{7}$

সোপান -1 : 5 ও 7 এর ল. সা. গু. = 35

সোপান -2 : 35 কে যোগফলের হর রূপে লেখ।

সোপান -3 : হরদের ল.সা.গু (35) কে প্রথম পরিমেয় সংখ্যার হর দ্বারা ভাগ করলে, যা ভাগফল হবে, তাকে সেই পরিমেয় সংখ্যার লবের সহিত গুনন কর। $(35\div5)\times3$ । ইহা হবে যোগফলের লবর প্রথম অংশ।

সোপান -4 : হরদের ল.সা.গু (35) কে দ্বিতীয় পরিমেয় সংখ্যার হর দ্বার ভাগ করলে, যা ভাগফল হবে, তাকে সেই পরিমেয় সংখ্যার লবের সহিত গুনন কর। $(35 \div 7) \times 2$।

ইহা হবে যোগফল লবের দ্বিতীয় অংশ, লবর এই দুই অংশকে যোগ কর। ইহাকে সংক্ষেপে এ ভাবে লেখা যেতে পারে।

$$= \frac{3\times7+2\times5}{35}$$

$$= \frac{21+10}{35}$$

$$= \frac{31}{35}$$

এখানে দুটি প্রনালীতে যোগফল নির্ণয় করা হয়েছে।

এই দুটি প্রনালীর মধ্যে কি ভিন্না আছে?

উদাহরন ঃ

- একটা ধনাত্মক পরিমেয় সংখ্যার সহিত একটা ঋনাত্মক পরিমেয় সংখ্যার যোগ।

$$\frac{11}{2}+(\frac{-5}{4})=\frac{22}{4}+(\frac{-5}{4})+\frac{22+(-5)}{4}=\frac{22-5}{4}=\frac{17}{4}=4\frac{1}{4}$$

উদাহরন ঃ

- দুটি ঋনাত্মক পরিমেয় সংখ্যার যোগ।

$$(\frac{-8}{5})+(\frac{-7}{11})=(\frac{-88}{55})+(\frac{-35}{55})=\frac{(-88)+(-35)}{55}=\frac{-123}{55}=-2\frac{13}{55}$$

যোগফল নির্ণয় কর।

(ক) $\frac{5}{3}+\frac{3}{5}$ (খ) $(\frac{-3}{7})+\frac{2}{3}$ (গ) $(\frac{-5}{6})+(\frac{-3}{11})$

অভ্যাস কার্য্য 5.2

1. নিম্ন লিখিত পরিমেয় সংখ্যাদের যোগ কর।

(ক) $\frac{2}{9}, \frac{5}{9}$ (খ) $\frac{-3}{7}, \frac{5}{7}$ (গ) $\frac{5}{4}, \frac{-7}{4}$ (ঘ) $\frac{-17}{6}, \frac{-13}{6}$

2. মান নির্ণয় কর ঃ

(ক) $\frac{11}{2}+\frac{5}{4}$ (খ) $\frac{-3}{7}+\frac{7}{17}$ (গ) $\frac{5}{4}+\frac{-4}{3}$ (ঘ) $\frac{-1}{2}+\frac{-2}{7}$

3. x ও y নিম্ন লিখিত মানের জন্যে প্রমান কর $x+y=y+x$

(ক) $x=\frac{5}{7}$, $y=\frac{-3}{2}$ (খ) $x=-8$ $y=\frac{9}{2}$

4. মান নির্ণয় কর।

(ক) $\frac{-3}{10}+\frac{12}{-10}+\frac{14}{10}$ (খ) $\frac{-9}{11}+\frac{2}{3}+\frac{-3}{4}$ (গ) $2+\frac{-1}{2}+\frac{-3}{4}$

5.4.2. পরিমেয় সংখ্যার বিয়োগ

গীতা দুটি পরিমেয় সংখ্যা নিল $\frac{5}{9}$ ও $\frac{3}{11}$। "$\frac{5}{9}$ থেকে $\frac{3}{11}$ বিয়োগ করলে বিয়োগ ফল কত হবে" সোমেশ জিজ্ঞাসা করল।

গীতা কেমন ভাবে উত্তর নির্ণয় করল লক্ষ কর।

$$\frac{5}{9}-\frac{3}{11}=\frac{55-27}{99}=\frac{28}{99}$$

সোমেশ জানত দুটি পূর্ণ সংখ্যার বিয়োগ করার সময়ে বিয়োগ কাজকে যোগ রূপে নিম্ন মতে লেখা হয়।

$$n-y=n+(-y)$$

সে $\frac{5}{9}$ ও $\frac{3}{11}$ রের বিয়োগ ফল নির্নয় করার জন্যে নিম্ন প্রনালী অবলম্বন করল।

$$\frac{5}{9}-\frac{3}{11}=\frac{5}{9}+\left(\frac{-3}{11}\right)=\frac{55+(-27)}{99}=\frac{28}{99}$$

উভয় ক্ষেত্রে প্রনালীতে বিয়োগ বেরল।

দুটি সারা প্রনালীতে বিয়োগ ফল নির্ণয় কর। উভয় ক্ষেত্রে বিয়োগ ফল সমান হচ্ছে কি?

(ক) $\frac{7}{8}-\frac{5}{11}$ (খ) $\frac{7}{11}-\frac{8}{5}$ (গ) $\frac{11}{2}-\frac{5}{4}$ (ঘ) $\frac{-3}{7}-\frac{7}{11}$

সীতা এক ধনাত্মক পরিমেয় সংখ্যাকে এক ঋনাত্মক সংখ্যার বিয়োগ করল। সে কিভাবে বিয়োগ করল। লক্ষ কর।

$$\frac{5}{6}-\left(\frac{-2}{5}\right)=\frac{5}{6}+\frac{2}{5}=\frac{25+12}{30}=\frac{37}{30}$$

রহিম একটা ঋনাত্মক পরিমেয় সংখ্যাকে বিয়োগ করল

$$\left(-\frac{2}{5}\right)-\left(\frac{-3}{8}\right)=\left(\frac{-2}{5}\right)+\left(\frac{-3}{8}\right) \text{ এর যোগাত্মক বিলোমী}$$

$$=\frac{-2}{5}+\frac{3}{8}$$

$$=\frac{-16}{40}+\frac{15}{40}$$

$$=\left(\frac{-1}{40}\right)$$

জান কি?

পরিমেয় সংখ্যার বিয়োগ করার সময়ে, যে সংখ্যাটিকে বিয়োগ করা যায়, তার যোগাত্মক বিলোমীকে যোগ করলে আবশ্যক উত্তর পাওয়া যায়।

অভ্যাস কার্য্য 5.3

1. প্রথম পরিমেয় সংখ্যার থেকে দ্বিতীয় পরিমেয় সংখ্যা কে বিয়োগ কর।

(ক) $\frac{11}{2}, \frac{5}{4}$ (খ) $\frac{-3}{11}, \frac{7}{11}$ (গ) $\frac{5}{4}, \frac{-4}{3}$ (ঘ) $\frac{5}{42}, \left(\frac{-6}{21}\right)$

2. মান নির্ণয় করঃ

(ক) $\frac{6}{7}-\frac{-5}{7}$ (খ) $\frac{7}{24}-\frac{5}{36}$ (গ) $\frac{9}{10}-\frac{7}{-15}$ (ঘ) $\frac{8}{23}-\frac{5}{11}$

5.4.3 পরিমেয় সংখ্যাদের গুনন ঃ

ভগ্ন সংখ্যার গুনন সম্পর্কে আমরা জেনেছি (এস, তা মনে ফেলি)

$\frac{2}{3}\times\frac{1}{5}=$ কত ?

ইহা তুমি কেমন জানলে ?

আমরা লক্ষ্য করলাম যে

দুটি ভগ্ন সংখ্যার গুনফল $= \dfrac{\text{1ম ভগ্ন সংখ্যার লব} \times \text{2 য় ভগ্ন সংখ্যার লব}}{\text{1ম ভগ্ন সংখ্যার হর} \times \text{2 য় ভগ্ন সংখ্যার হর}}$

> **জান কি ?**
> প্রত্যেক ভগ্ন সংখ্যা এক পরিমেয় সংখ্যা কিন্তু প্রত্যেক পরিমেয় সংখ্যা এক ভগ্ন সংখ্যা নয়।

ভগ্ন সংখ্যার গুননের এই নিয়মকে পরিমেয় সংখ্যার গুননে ব্যবহার করব।

তলায় দেওয়া প্রত্যেক উদাহরনে দুটি পরিমেয় সংখ্যাকে গুনন করা হয়েছে। সেগুলি লক্ষ করঃ

উদাহরন -1:
$$\frac{1}{2}\times\frac{3}{4}=\frac{1\times3}{2\times4}=\frac{3}{8}$$

উদাহরন -2:
$$\frac{1}{4}\times\left(\frac{-1}{3}\right)=\frac{1\times(-1)}{4\times3}=\frac{-1}{12}$$

উদাহরন -3 :
$$\frac{-3}{5}\times\frac{2}{7}=\frac{(-3)\times2}{5\times7}=\frac{-6}{35}$$

উদাহরন - 4 :
$$\frac{-2}{5}\times\frac{-3}{11}=\frac{(-2)\times(-3)}{5\times11}=\frac{6}{55}$$

এখন ওপরের উদাহরন গুলিকে লক্ষ করে নিম্ন সারনীর খালি ঘর গুলিকে পূরন কর। এটটা উদাহরন তোমাদের জন্যে করে দেওয়া হয়েছে।

উদাহরন	প্রথম পরিমেয় সংখ্যা	দ্বিতীয় পরিমেয় সংখ্যা	গুনফল	প্রথম পরিমেয় সংখ্যা কোন একারের ?	দ্বিতীয় পরিমেয় সংখ্যা কোন প্রকারের ?	গুনফল কোন প্রকারের সংখ্যা ?
প্রথম	$\frac{1}{2}$	$\frac{3}{4}$	$\frac{3}{8}$	ধনাত্মক পরিমেয় সংখ্যা	ধনাত্মক পরিমেয় সংখ্যা	ধনাত্মক পরিমেয় সংখ্যা
দ্বিতীয়						
তৃতীয়						
চতুর্থ						

এই সারনীতে তুমি কি লক্ষ করছ?

প্রথম উদাহরন ঃ দুটি ধনাত্মক পরিমেয় সংখ্যার গুনফল এক ধনাত্মক পরিমেয় সংখ্যা।

দ্বিতীয় উদাহরন ঃ একটা ধনাত্মক একটা ঋনাত্মক পরিমেয় সংখ্যা গুনফল একটা ঋনাত্মক পরিমেয় সংখ্যা।

সেরকম অন্য দুটি উদাহরনে তোমরা কি সব লক্ষ্য করছ লেখ।

গুনফল ঃ

(ক) $\frac{-5}{8}\times\frac{-9}{7}$ (খ) $\frac{5}{7}\times\frac{-7}{5}$ (গ) $3\times\frac{-7}{8}$ (ঘ) $\left(\frac{-4}{7}\right)\times\left(\frac{-7}{4}\right)$

অভ্যাস কায়্য 5.4

1. নিম্ন লিখিত পরিমেয় সংখ্যার গুনফল নির্ণয় কর।

(ক) $\frac{7}{24}\times-16$ (খ) $\frac{-3}{5}\times2$ (গ) $\frac{-7}{6}\times(-24)$ (ঘ) $\frac{5}{7}\times(\frac{-2}{3})$

(ঙ) $\frac{9}{8}\times\frac{32}{7}$ (চ) $\frac{50}{7}\times\frac{14}{7}$ (ছ) $\frac{4}{7}\times\frac{2}{7}$ (ঞ) $\frac{13}{15}\times\frac{25}{26}$

2. সরল কর ঃ

(ক) $(\frac{-16}{15}\times\frac{20}{8})-(\frac{15}{5}\times\frac{35}{5})$ (খ) $(\frac{13}{8}\times\frac{12}{13})+(\frac{-4}{9}\times\frac{3}{2})$

3. প্রমান কর $x\times y=y\times x$ যখন

(ক) $x=\frac{1}{2}, \quad y=\frac{3}{5}$ (খ) $x=\frac{2}{7}, \quad y=\frac{-11}{8}$ (গ) $x=\frac{3}{5}, \quad y=\frac{2}{9}$

5.4.4 পরিমেয় সংখ্যার ভাগক্রিয়া ঃ

এর পূর্বে আমরা পরিমেয় সংখ্যার গুনন সম্পর্কে পড়েছি এস পূনরালোচনা করব।

$\frac{3}{4}$ তে কোন সংখ্যা গুন করলে গুনফল 1 হবে?

$\frac{3}{4}$ একটা ভগান সংখ্যা। 1 লব 3 ও হর 4।

তোমরা নিশ্চই বলবে যে $\frac{3}{4}$ য়ের লব ও হরকে উল্টো লিখলে (লব সংখ্যাকে হর সংখ্যা য় ও হর সংখ্যাকে লব সংখ্যায় বদলিয়ে) যে ভগ্ন সংখ্যা পাওয়া যাবে তাকে $\frac{3}{4}$ সহিত গুনলে গুনফল 1 হবে।

✍ শূন্য স্থান পূরন কর।

$5\times\frac{1}{5}=$ _____	$\frac{-5}{8}\times$ _____ $=1$
$8\times$ ___ $=1$	$\frac{3}{-11}\times$ _____ $=1$
$\frac{4}{7}\times$ ____ $=1$	$\frac{7}{15}\times$ _____ $=1$

জান কি?

দুটি পরিমেয় সংখ্যাকে গুনন করলে যদি গুনফল 1 হয় তবে প্রত্যেককে অন্যটির ব্যুতক্রম সংখ্যা বা গুননায়কে বিলোমী বলা হয়। ইহাকে ও অন্যটির প্রতিলোমী বলা হয়।

- তলায় দুটি ভগ্ন সংখ্যার হরন করা হয়েছে। তা লক্ষ কর।

প্রথম সোপান $=\frac{3}{4}\div\frac{1}{2}$ এর ব্যুহক্রম

দ্বিতীয় সোপান $=\frac{3}{4}\times\frac{2}{1}$

তৃতীয় সোপান $=\frac{3\times2}{4\times1}=\frac{6}{4}=\frac{3}{2}$

এখানে ওপরের হরন প্রক্রিয়াকে লক্ষ করে নিম্ন প্রশ্ন গুলির উত্তর লেখ।

- কোন ভগ্ন সংখ্যা, কোন ভগ্ন সংখ্যা হরন করা হয়েছে।
- হরন প্রক্রিয়ার প্রথম সোপান কি করা হয়েছে?
- হরন প্রক্রিয়ার দ্বিতীয় সোপানে কি করা হয়েছে?
- হরন প্রক্রিয়ার তৃতীয় সোপানের কি করা হয়েছে?

এখান থেকে দুটি ভগ্ন সংখ্যার হরন কি ভাবে করা হয় জানলে?

একটা ভগ্ন সংখ্যা (ভাজ্য) কে আর একটা ভগ্ন সংখ্যা (ভাজক) দ্বারা ভাগ করব যা ভাজ্য সংখ্যাকে ভাজক সংখ্যার ব্যুহক্রম দ্বারা গুনন করব ও তাই। এখন পরিমেয় সংখ্যার হরন ক্ষেত্রে ইহারে ব্যবহার করব।

উদাহরন - 1

$\frac{5}{8}\div\frac{7}{3}=\frac{5}{8}\times\left(\frac{7}{3}\text{ এর প্রতিলোমী}\right)$

$=\frac{5}{8}\times\frac{3}{7}=\frac{5\times3}{8\times7}=\frac{15}{56}$

উদাহরন - 2

$\frac{1}{4}\div\left(\frac{-2}{5}\right)=\frac{1}{4}\times\left(\frac{-2}{5}\text{ এর প্রতিলোমী}\right)$

$=\frac{1}{4}\times\frac{5}{-2}=\frac{1\times5}{4\times(-2)}=\frac{5}{-8}=\frac{-5}{8}$

জান কি?

$\frac{-2}{5}$ যা $\frac{2}{-5}$ তাই

উদাহরন - 3

$$\left(\frac{-2}{3}\right)\div\left(\frac{4}{11}\right)=\frac{-2}{3}\times\left(\frac{4}{11}\text{ এর প্রতিলোমী}\right)$$

$$=\frac{-2}{3}\times\frac{11}{4}=\frac{-2\times11}{3\times4}=\frac{-22}{12}=\frac{-11}{6}$$

উদাহরন - 4

$$\left(\frac{-8}{5}\right)\div\left(\frac{-6}{7}\right)=\frac{-8}{5}\times\left(\frac{-6}{7}\text{ এর প্রতিলোমী}\right)$$

$$=\frac{-8}{5}\times\frac{-7}{6}=\frac{(-8)\times(-7)}{5\times6}=\frac{56}{30}=\frac{28}{15}$$

দেওয়া হওয়া চারটি উদাহরন দেখে তলার সারনী পূরন কর ঃ

	প্রথম উদাহরন	দ্বিতীয় উদাহরন	তৃতীয় উদাহরন	চতুর্থ উদাহরন
প্রথম পরিমেয় সংখ্যা (ভাজ্য)	$\frac{5}{8}$			
দ্বিতীয় পরিমেয় সংখ্যা (ভাজক)	$\frac{7}{3}$			
দ্বিতীয় পরিমেয় সংখ্যার প্রতিলোমী ?	$\frac{3}{7}$			
প্রথম পরিমেয় সংখ্যা সহিত দ্বিতীয় পরিমেয় সংখ্যার প্রতিলোমীর গুনফল।	$\frac{15}{56}$			
প্রথম পরিমেয় সংখ্যা ধনাত্মক অথবা ঋনাত্মক ?	ধনাত্মক			
দ্বিতীয় পরিমের সংখ্যা ধনাত্মক অথাব ঋনাত্মক ?	ধনাত্মক			
ভাগফল পরিমেয় সংখ্যা ধনাত্মক অথবা ঋনাত্মক ?	ধনাত্মক			

পূরণ করে থাকা সারনীকে তুমি কি লক্ষ করছ ?

- কোন ধনাত্মক পরিমেয় সংখ্যাকে এক ধনাত্মক পরিমের সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল এক ধনাত্মক পরিমেয় সংখ্যা হবে।
- একটা ধনাত্মক পরিমেয় সংখ্যাকে এক ঋনাত্মক পরিমেয় সংখ্যা দ্বারা ভাগ করলে, ভাগফল একটা ঋনাত্মক পরিমেয় সংখ্যা হবে।

✍ সেই রকম তৃতীয় ও চতুর্থ উদাহরন থেকে তুমি কি জানছ লেখ।

অভ্যাস কার্য্য 5.5

1. নিম্নলিখিত সংখ্যাদের গুননমৎক বিলোমী নির্নয় কর।

(ক) $\frac{5}{9}$ (খ) $\frac{-4}{3}$ (গ) -2 (ঘ) 8

(ঙ) $1\frac{1}{2}$ (চ) $\frac{11}{-12}$ (ছ) $\frac{-2}{-19}$ (জ) $-2\frac{1}{7}$

2. ভাগফল লেখ।

(ক) $3\div\frac{4}{5}$ (খ) $\frac{-3}{5}\div 2$ (গ) $\frac{-4}{7}\div 3$ (ঘ) $\frac{1}{5}\div\frac{6}{7}$

(ঙ) $\frac{-1}{8}\div\frac{3}{4}$ (চ) $\frac{-7}{6}\div\left(\frac{-2}{3}\right)$ (ছ) $\frac{-5}{6}\div\left(\frac{-1}{4}\right)$ (জ) $\frac{-3}{13}\div\left(\frac{-4}{65}\right)$

5.5 ধনাত্মক পরিমেয় সংখ্যা দশমিক সংখ্যা রূপ।

ভগ্ন সংখ্যাকে কিভাবে দশমিক সংখ্যার প্রকাশ করা হয় সে সম্পর্কে আমরা পূর্বেই জেনেছি। তলায় কতগুলি ভগ্ন সংখ্যাকে দশমিক সংখ্যায় প্রকাশ করা হয়।

$\frac{7}{10}=0.7$ $\frac{17}{100}=0.17$ $\frac{11}{10}=1.1$

$\frac{123}{10}=12.3$ $\frac{9}{1000}=0.009$ $\frac{231}{1000}=0.231$

জান কি?

যে কোন ভগ্ন সংখ্যার হর 10, 100,1000 মতন সংখ্যা হলে সেগুলিকে দশমিক সংখ্যায় প্রকাশ করা যায়।

নিম্ন উদাহরন গুলিকে লক্ষ কর।

উদাহরনঃ

(ক) $\frac{1}{2}=\frac{1\times5}{2\times5}=\frac{5}{10}=0.5$

(খ) $\frac{3}{4}=\frac{3\times25}{4\times25}=\frac{75}{100}=0.75$

(গ) $\frac{3}{25}=\frac{3\times4}{25\times4}=\frac{12}{100}=0.12$

(ঘ) $\frac{3}{125}=\frac{3\times8}{125\times8}=\frac{24}{1000}=0.024$

বলত দেখি

এই উদাহরন ভগ্ন সংখ্যা দশমিক সংখ্যায় পরিনত করার জন্য কোন উপায় ব্যবহার করা হয়েছে? এমন করা থাকার কারন কি হতে পারে?

প্রত্যেক উদাহরনে ভগ্ন সংখ্যার হরকে10, 100 বা 1000 এর মত (10 আধার বিশিষ্ট ঘাতরাশি) সংখ্যায় পরিনত করে দশমিক সংখ্যার প্রকাশ করা হয়েছে, মনে ফেল, এক পরিমেয় সংখ্যার হরর গুননীয়ক দের মধ্যে 2 বা 5 ভিন্ন অন্য কোন গুননিয়মক না থাকলে পরিমেয়টি দশমিক সংখ্যায় পরিনত হয়ে থাকে।

নিম্ন লিখিত ধনাত্মক পরিমেয় সংখ্যাকে দশমিক সংখ্যার প্রকাশ কর।

(ক) $\frac{7}{8}$ (খ) $\frac{23}{125}$ (গ) $\frac{3}{16}$ (ঘ) $\frac{59}{200}$ (ঙ) $\frac{24}{25}$

5.5.1. ভাগক্রিয়া সাহায্যে পরিমেয় সংখ্যাকে দশমিক সংখ্যার প্রকাশ ঃ

প্রত্যেক পরিমেয় সংখ্যাকে ভাগক্রিয়া দ্বারা দশমিক সংখ্যায় প্রকাশ করা যেতে পারবে।

উদাহরন ঃ

$\frac{3}{4}$ কে দশমিক সংখ্যা প্রকাশ কর।

সমাধান ঃ **প্রথম প্রনালী** -(ভগ্ন সংখ্যা হরকে 10 এর ঘাত রাশিতে প্রকাশ কর)

$$\frac{3}{8}=\frac{3\times125}{8\times125}=\frac{375}{1000}=0.375$$

দ্বিতীয় প্রনালী ঃ (ভাগক্রিয়া দ্বারা)

$$\begin{array}{r|l} & .375 \\ \hline 8 & 30 \\ & 24 \\ \hline & 60 \\ & 56 \\ \hline & 40 \\ & 40 \\ \hline & 0 \end{array}$$

$$\therefore \frac{3}{8}=0.375$$

উদাহরনঃ

ভাগক্রিয়া দ্বারা $\frac{16}{5}$ কে দশমিক সংখ্যার প্রকাশ কর।

সমাধান

$$\begin{array}{r|l} & 3.2 \\ \hline 5 & 16 \\ & 15 \\ \hline & \ \ 10 \\ & \ \ 10 \\ \hline & \ \ \ 0 \end{array}$$

$\therefore \frac{16}{5} = 3.2$

ওপরে আলোচনা করা সমস্ত উদাহরনে যে সব দশমিক সংখ্যা পাওয়া গেল। সেগুলেকে সসীস দশমিক সংখ্যা বলা হয়। কারন এগুলিকে নির্ণয় করার সংয় ভাগক্রিয়ার ভাগফল ক'টা অঙ্কয় সীমিত থাকছে ও শেযে ভাগশেষ '0' হচ্ছে।

এখন তুমি নিম্ন উদাহরনটি লক্ষ কর।

উদাহরনঃ

(ক) $\frac{1}{3}$ কে দশমিক সংখ্যায় প্রকাশ কর।

সমাধানঃ

$$\begin{array}{r|l} & .3333 \\ \hline 3 & 10 \\ & \ \ 9 \\ \hline & \ \ 10 \\ & \ \ \ 9 \\ \hline & \ \ \ 10 \\ & \ \ \ \ 9 \\ \hline & \ \ \ \ 10 \\ & \ \ \ \ \ 9 \\ \hline & \ \ \ \ \ 1 \end{array}$$

এখানে তুমি কি লক্ষ করছ?

এই ভাগক্রিয়ার ভাগফলে 3 বার বার আসছে। ভাগশেষ '0' না হওয়ার এই ভাগক্রিয়ার শেষ নেই।

$\frac{1}{3} = 0.333...$ (এখানে 3 এর অন্ত নেই)।

এই দশমিক সংখ্যাকে সংক্ষেপে $0.\overline{3}$ ভাবে লেখা যায়। (ইহা কে পৌনঃ পুনিক দশমিক তিন পড়া হয়)

তাই $\frac{1}{3} = 0.\overline{3}$ ।

(গ) $\frac{6}{11}$ কে দশমিক সংখ্যার প্রকাশ কর।

$$
\begin{array}{r|l}
 & .545454... \\
11 & 60 \\
 & \underline{55} \\
 & \ \ 50 \\
 & \ \ \underline{44} \\
 & \ \ \ \ 60 \\
 & \ \ \ \ \underline{55} \\
 & \ \ \ \ \ \ 50 \\
 & \ \ \ \ \ \ \underline{44} \\
 & \ \ \ \ \ \ \ \ 60 \\
 & \ \ \ \ \ \ \ \ \underline{55} \\
 & \ \ \ \ \ \ \ \ \ \ 50 \\
 & \ \ \ \ \ \ \ \ \ \ \underline{44} \\
 & \ \ \ \ \ \ \ \ \ \ \ \ 6
\end{array}
$$

জান কি?

এখানে ভাগফলে 5 ও 4 এর পুনরাবৃত্তি হচ্ছে। তেমন এখানে ভাগফলকে $.\overline{54}$ ভাবে লেখা যাবে।

এখানে সমস্ত পর্যায়ে ভাগক্রিয়ায় ক্রমান্বয়ে ভাগশেষ 5 ও 6 আসছে। তাই আমরা যতবার ভাগ করলেও ভাগফল 5 ও 4 ক্রমান্বয়ে আসবে।

$\therefore \quad \frac{6}{11} = 0.545454... = 0.\overline{54}$ এখানে 5 ও 4 এর পূনারবৃত্তি ঘটছে।

(ଓ) $\frac{25}{12}$ କୁ ଦଶମିକ ସଂଖ୍ୟାରେ ପ୍ରକାଶ କର।

$$
\begin{array}{r|l}
 & 2.08333... \\
12 & 25 \\
 & \underline{24} \\
 & \ \ 100 \\
 & \ \ \underline{96} \\
 & \ \ \ \ 40 \\
 & \ \ \ \ \underline{36} \\
 & \ \ \ \ \ \ 40 \\
 & \ \ \ \ \ \ \underline{36} \\
 & \ \ \ \ \ \ \ \ 4
\end{array}
$$

বল দেখি এখানে $\frac{25}{12}$ কে দশমিক সংখ্যায় কিভাবে লেখা হবে? এভাবে লেকা যাওয়ার কারন কি?

উপরোক্ত উদাহরনে আলোচনা হয়ে থাকা সমস্ত দশমিক সংখ্যাকে তমীম পৌনঃপুনিক দশমিক সংখ্যা বলা হয়।

জান কি?

- কোন পরিমেয় সংখ্যার হরর মৌলিক গুননিয়কদের মধ্যে 2 বা 5 ভিন্ন অন্য কোন গুননিয়ক না থাকলে, উক্ত পরিমেয় সংখ্যাটি সসীম দশমিক সংখ্যায় পরিনত হতে পারবে।

  যথা $\frac{4}{5}, \frac{3}{8}, \frac{3}{8}, \frac{7}{25}$ ইত্যাদি।

- যদি কোন মৌলিক পরিমেয় সংখ্যার হর 2 ও 5 ব্যতীত অন্য যে কোন মৌলিক সংখ্যা কিম্বা তাদের গুনিতক হয়ে থাক, তবে ইহাকে দশমিক সংখ্যায় প্রকাশ করলে সসমী পৌমঃপুনিক দশমিক সংখ্যা হবে।

  যথা $\frac{1}{3}, \frac{6}{11}, \frac{73}{7}, \frac{2}{15}$ ইত্যাদি।

5.5.2. ঋনাত্মক দশমিক সংখ্যার দশমিক সংখ্যা।

নিম্ন উদাহরন গুলিকে লক্ষ কর।

উদাহরন 1: $\frac{-4}{5}=\frac{-4\times2}{5\times2}=\frac{-8}{10}=-\left(\frac{8}{10}\right)=-0.8$

উদাহরন 2: $\frac{-19}{4}=\frac{-19\times25}{4\times25}=\frac{-475}{100}=-\left(\frac{475}{100}\right)=-4.75$

উদাহরন 3: $\frac{-1}{3}=-\left(\frac{1}{3}\right)=-(0.333....)=-0.\bar{3}$

জেনে রাখঃ যদি $-\frac{p}{q}$ এর দশমিক রূপ = – ($\frac{p}{q}$ এর দশমিক রূপ)

অভ্যাস কার্য্য 5.6

1. নিম্ন লিখিত পরিমেয় সংখ্যা গুলিকে হর 10এর ঘাতরাশি তে প্রকাশ করে দশমিক সংখ্যায় পরিনত কর।

   (ক) $\frac{2}{5}$ (খ) $\frac{21}{20}$ (গ) $\frac{-5}{4}$ (ঘ) $\frac{-16}{25}$

2. নিম্ন লিখিত পরিমেয় সংখ্যা গুলিকে ভাগক্রিয়া প্রনালীতে দশমিক সংখ্যায় প্রকাশ কর।

   (ক) $\frac{3}{5}$ (খ) $\frac{7}{8}$ (গ) $\frac{9}{16}$ (ঘ) $\frac{10}{3}$

   (ঙ) $\frac{-11}{5}$ (চ) $\frac{5}{11}$ (ছ) $\frac{2}{15}$ (জ) $\frac{-2}{15}$

3. ভাগক্রিয়া না করে নিম্ন পরিমেয় সংখ্যাদের মধ্যে কোন গুলি সসীম দশমিক সংখ্যা ও কোন গুলি অসীম দশমিক সংখ্যা হবে লেখ। তোমার উত্তর সপক্ষে কার লেখ।

   (ক) $\frac{9}{4}$ (খ) $\frac{17}{40}$ (গ) $\frac{15}{11}$ (ঘ) $\frac{22}{7}$

   (ঙ) $\frac{29}{250}$ (চ) $\frac{37}{21}$ (ছ) $\frac{49}{14}$ (জ) $\frac{126}{45}$

4. $\frac{1}{2}+\frac{1}{3}+\frac{1}{5}$ কে দশমিক পরিপ্রকাস করে তা অসীম কি সসীম লেখ।

5. $\frac{11}{135}$ পরিমেয় সংখ্যার দশমিক রূপ সসীম বা অসীম হবে ভাগক্রিয়া না করে কি ভাবে নির্নয় করবে লেখ।

5.6 পরিমেয় সংখ্যাদের গানিতিক প্রক্রিয়ার প্রয়োগ ঃ

উদাহরন -1

প্রকাশ A স্থান থেকে $2\frac{3}{5}$ কি.মি. পূর্বে দিকে হেটে যাওয়ার পর, সেখান থেকে পশ্চিমকে $4\frac{5}{7}$ কি.মি ফিরল তবে সে 'A' থেকে কত দূরে ও কোন দিগে আছে ?



সমাধান ঃ

মনে কর A থেকে পূর্বদিকে দূরত্ব ধনাত্মক তাই পশ্চিম দিগে গেলে দূরত্ব ঋনাত্মক।

তাই প্রকাশ হেটে থাকা দূরত্ব $=2\frac{3}{5}+\left(-4\frac{5}{7}\right)=\frac{13}{5}+\left(\frac{-33}{7}\right)=\frac{13\times7+(-33)\times5}{5\times7}$

$$=\frac{91+(-165)}{35}=\frac{-74}{35}=-2\frac{4}{35}$$

যেহেতু দূরত্ব ঋনাত্মক সংখ্যা হল তাই প্রকাশ 'A' স্থানের থেকে পশ্চিমে $2\frac{4}{35}$ কি.মি. দূরে আছে।

উদাহরন - 2

একটি ত্রিভূজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে $4\frac{3}{4}$ সে.মি., $3\frac{1}{2}$ সে.মি., ও $6\frac{2}{5}$ সে.মি. হলে, ইহার পরিসীমা কত ?

ସମାଧାନ

ত্রিভূজের পরিসীমা $= 4\frac{3}{4}$ সে.মি. $+ 3\frac{1}{2}$ সে.মি. $+ 6\frac{2}{5}$ সে.মি.



$=\left(\frac{19}{4}+\frac{7}{2}+\frac{32}{5}\right)$ সে.মি.

$=\left(\frac{19\times5+7\times10+32\times4}{20}\right)$ সে.মি.

$=\left(\frac{95+70+128}{20}\right)$ সে.মি.$=\frac{293}{20}$ সে.মি.

$=14\frac{13}{20}$ সে.মি.

$\therefore$ ত্রিভূজের পরিসীমা হচ্ছে $14\frac{13}{20}$ সে.মি.।

> জান কি ?
>
> ত্রিভূজের পরিসীমা হচ্ছে, ইহার তিন বাহুর দৈর্ঘ্যের সমষ্টি।

উদাহরন -3

একটা আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে $41\frac{2}{3}$ মিটার $18\frac{3}{5}$ মিটার হলে, ইহার ক্ষেত্রফল কত ?

সমাধানঃ

আয়তক্ষেত্রে দৈর্ঘ্য = $41\frac{2}{3}$ মিটার = $\frac{125}{3}$ মিটার

আয়তক্ষেত্রে দৈর্ঘ্য = $18\frac{3}{5}$ মিটার = $\frac{93}{5}$ মিটার

$\therefore$ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = দৈর্ঘ্য × প্রস্থ

$= \left(\frac{125}{3}\times\frac{93}{5}\right)$ বর্গ মিটার

$= \left(\frac{125}{3}\times\frac{93}{5}\right)$ বর্গ মিটার

= 775 বর্গ মিটার

বল দেখিঃ
এই আয়তক্ষেত্রের দৈর্ঘকে অর্ধেক ও প্রস্থকে দু গুন করলে, যে নতুন ক্ষেত্র হবে, তার ক্ষেত্রফলের ও মূল আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাতক কত হবে।

$\therefore$ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 775 বর্গমিটার।

উদাহরন - 4

দুটি পরিমেয় সংখ্যার গুন ফল $\frac{-8}{65}$ । একটি সংখ্যা $\frac{5}{26}$ হলে, অন্য সংখ্যাটি কত ?

সমাধানঃ

পরিমেয় সংখ্যা দুটির গুনফল = $\frac{-8}{65}$

একটা সংখ্যা = $\frac{5}{26}$

$\therefore$ অন্য টি $= \frac{-8}{65}\div\frac{5}{26}$

$= \frac{-8}{\cancel{65}_{5}}\times\frac{\cancel{26}^{2}}{5}$

$= \frac{-16}{25}$ (উত্তর)

জান কি ?

a ও b দুটি অশূন্য সংখ্যা

$a \times b = ab$

$ab \div a = b$

$ab \div b = a$

অভ্যাস কার্য্য 5.7

1. একটা ত্রিভূজের বাহুদের দৈর্ঘ্যর পরিমান যথাক্রমে $2\frac{1}{3}$ সে.মি., $3\frac{1}{2}$ সে.মি. ও $4\frac{2}{5}$ সে.মি. হলে ত্রিভূজটির পরিসীমা কত?

2. কমলবাবু তাদের ঘরের কাছ থেকে $\frac{2}{5}$ কি.মি. উত্তর দিকে যাওয়ার পর। $1\frac{3}{4}$ কি.মি. দক্ষিন দিকে হাঁটল, তবে সে তার ঘরের থেকে কোন দিকে কতদূরে আছেন।



3. দুটি পরিমেয় সংখ্যার যোগফল -9।, তাদের মধ্যে একটা $\frac{15}{8}$ হলে অন্যটি কত?

4. মেরী প্রত্যেক দিন $5\frac{2}{3}$ ঘন্টা পড়ে। সে যদি $2\frac{4}{5}$ ঘন্টা গনিত ও বিজ্ঞান পড়তে থাকে, তবে সে কত সময় অন্য বিষয় গুলি পড়ে?

৫। $9\frac{4}{3}$ ও $5\frac{5}{6}$ এর যোগফল $11\frac{2}{5}$ ও $7\frac{1}{3}$ এর যোগফলের মধ্যে পার্থক্য কত?

6. একটা বর্গাকৃতি মাঠের একটা বাহুর দৈর্ঘ্য $5\frac{3}{4}$ মিটার হলে, সেই মাঠের পরিসীমা ও ক্ষেত্রফল নির্নয় কর। এই মাটের চারপাশের বেড়া তৈরী করার জন্যে মিটারে ৪ টাকা হিসাবে মোট কত খরচ হবে?

7. কোন সংখ্যাকে $\frac{-8}{5}$ দ্বারা গুনলে গুনফল 36 হবে।

8. দুটি পরিমেয় সংখ্যার গুনফল $\frac{-16}{9}$ ।তাদের মধ্যে একটা $\frac{-4}{3}$ হলে, অন্যটি কত?

5.7. পরিমেয় সংখ্যার পরম মান।

আমরা পূর্বে পূর্ণ সংখ্যার পরমমান নির্ণয় করার সম্পর্কে জানি।

3 এর পরম মান $= |3| = 3$

7 এর পরম মান $= |7| = 7$

-6 এর পরম মান $= |-6| = 6$

-15 এর পরম মান $= |-15| = 15$

> **জান কি?**
>
> যদি m একটা পূর্ণ সংখ্যা হয় তবে ইহার পরম মান কে |m| রুপে লেখা যায় ও ইহাকে ‘m র পরম মান বলে পড়া যায়।

সেই রকম পরিমেয় সংখ্যার ও পরমমান আছে। সংখ্যা রেখার ‘ধ’ থেকে $\frac{+2}{3}$ সূচক বিন্দুর দূরত্ব $\frac{2}{3}$ এবং ‘ধ’ থেকে সূচক বিন্দুর দুরত্ব ও $\frac{2}{3}$ ।তাই $\frac{+2}{3}$ ও $\frac{-2}{3}$ উভয় সংখ্যা $\frac{2}{3}$ সহিত সংযুক্ত।



∴ O মুল বিন্দু কে 0 (শূন্য) রূপে নেওয়া হয়।

এখন ওপর সংক্যা রেখায় O ও A মধ্যে দূরত্ব $\frac{2}{3}$ একক ও O, B মধ্য দুরত্ব ও $\frac{-2}{3}$ একক।

∴ $\frac{-2}{3}$ এর পরম মান $=\left|\frac{-2}{3}\right|=-\left(\frac{-2}{3}\right)=\frac{2}{3}$

$\frac{2}{3}$ পরম মান $=\left|\frac{2}{3}\right|=\frac{2}{3}$

তোমার পরিমেয় সংখ্যার পরম মান বলতে কি জানলে?

- যদি x একটা ধনাত্মক পরিমেয় সংখ্যা হয়, তবে $|x| = x$ হবে।
- যদি x একটা ঋনাত্মক সংখ্যা। হয় তবে $|x| = x$ হবে।

জান কি?

কোন সে সংখ্যার পরমান ধনাত্মক হয়।
যদি $x=0$ হয় তবে $|x|=0$

উদাহরন ঃ

প্রমান কর ঃ

(ক) যদি $x=\frac{3}{5}$ এবং $y=\frac{-4}{3}$, তবে $|x+y| < (|x|+|y|)$

(খ) যদি $x=\frac{4}{7}$, $y=\frac{5}{3}$ তবে $|x+y| = |x|+|y|$

(গ) যদি $x=\frac{-2}{5}$, $y=\frac{-3}{2}$, তবে $|x+y| = |x| + |y|$

সমাধান ঃ

(ক) $x=\frac{3}{5}$ $y=\frac{-4}{3}$

বাম পার্শ্বেঃ $|x+y|$

$$=\left|\frac{3}{5}+\left(\frac{-4}{3}\right)\right|$$
$$=\left|\frac{9+(-20)}{15}\right|$$
$$=\left|\frac{(-11)}{15}\right|$$
$$=\frac{11}{15}$$

দক্ষিণ পার্শ্বে $= |x|+|y|$

$$=\left|\frac{3}{5}\right|+\left|\frac{-4}{3}\right|$$
$$=\frac{3}{5}+\frac{4}{3}$$
$$=\frac{9+20}{15}$$
$$=\frac{29}{15}$$

$\therefore$ বামপার্শ্বে < দক্ষিন পার্শ্বে

অর্থাৎ $|x+y| < (|x|+|y|)$ (প্রমানিত)

(খ) $x=\frac{4}{7}$ $y=\frac{5}{3}$

বামপার্শ্বে $= |x+y| = \left|\frac{4}{7}+\frac{5}{3}\right| = \left|\frac{12+35}{21}\right| = \left|\frac{47}{21}\right| = \frac{47}{21}$

দক্ষিন পার্শ্বে $= |x|+|y| = \left|\frac{4}{7}\right| + \left|\frac{5}{3}\right| = \frac{4}{7}+\frac{5}{3} = \frac{12+35}{21} = \frac{47}{21}$

$\therefore$ বাম পার্শ্ব = দক্ষিন পার্শ্ব

অর্থাৎ $|x+y| = (|x|+|y|)$ (প্রমানিত)

(গ) $x=\frac{-2}{5}$ $y=\frac{-3}{2}$

বাম পার্শ্বে $= |x+y| = \left|\frac{-2}{5}+\left(\frac{-3}{2}\right)\right|$

$= \left|\frac{(-4)+(-15)}{10}\right|$

$= \left|\frac{-19}{10}\right|$

$= \frac{19}{10}$

দক্ষিণ পার্শ্বে $= |x|+|y| = \left|\frac{-2}{5}\right| + \left|\frac{-3}{2}\right|$

$= \frac{2}{5}+\frac{3}{2}$

$= \frac{4+15}{10}$

$= \frac{19}{10}$

অর্থাৎ $|x+y| = |x|+|y|$ (প্রমানিত)

বলত দেখি

$|x-y| = |x| - |y|$

হবে কি?

উদাহরন

যদি $x=\frac{-3}{5}$ ও $y=\frac{-2}{7}$ হয়।

প্রমান কর $|x\times y| = |x|\times|y|$

সমাধান

বাম পার্শ্বে $= |x\times y| = \left|\frac{-3}{5}\times\frac{-2}{7}\right|$

$= \left|\frac{(-3)\times(-2)}{5\times 7}\right|$

$= \left|\frac{6}{35}\right| = \frac{6}{35}$

জান কি?

x ধনাত্মক বা ঋনাত্মক হোক এবং

y ধনাত্মক বা ঋনাত্মক হোক

$|x\times y| = |x|\times|y|$

দক্ষিন পার্শ্বে = $|x| \times |y| = \left|\frac{-3}{5}\right| \times \left|\frac{-2}{7}\right|$

$$= \frac{3}{5} \times \frac{2}{7} = \frac{3 \times 2}{5 \times 7}$$

$$= \frac{6}{35}$$

এখানে বাম পার্শ্ব = দক্ষিন পাশ্বে

অর্থাৎ $|x \times y| = |x| \times |y|$ (প্রমানিত)

অভ্যাস কার্য্য 5.8

1. নিম্ন লিখিত পারমেয় সংখ্যার পরমমান নির্ণয় কর।

   (ক) $\frac{1}{-5}$ (খ) $\frac{1}{2}$ (গ) $\frac{-3}{-2}$ (ঘ) $\frac{-26}{21}$

2. x এর নিম্ন মান গুলিকে নিয়ে প্রমান কর যে $|x| = |-x|$

   (ক) 4 (খ) -9 (গ) $\frac{-3}{7}$ (ঘ) $\frac{3}{-8}$

3. x ও y এর নিম্ন মান গুলি নিয়ে প্রমান কর যে $|x+y| = |x| + |y|$

   (ক) $x = \frac{2}{3}, y = \frac{1}{5}$ (খ) $x = \frac{-3}{4}, y = \frac{-3}{2}$

4. x ও y এর নিম্ন মান গুলিকে নিয়ে $|x+y| < (|x| + |y|)$ সত্য কি না পরীক্ষা কর।

   (ক) $x = -8,\ y = 5$ (খ) $x = \frac{4}{3}, y \frac{-7}{9}$

5. x ও y এর নিম্ন মান গুলিকে নিয়ে প্রমান কর। $|x \times y| = |x| \times |y|$

   (ক) $x = \frac{-4}{5}$, $y = \frac{2}{3}$ (খ) $x = \frac{-5}{11}$, $y = \frac{-3}{7}$

5.8 দুটি পরিমেয় সংখ্যার মধ্যবর্ত্তী পরিমেয় সংখ্যা নির্নয় কর ঃ

সেলিম 2 ও 10 মধ্যে 7 টি গনন সংখ্যা আছে। বলে জেনেছ সেগুলি হল 3, 4, 5, 6, 7, 8 ও 9 । সেরকম অবদুল ও জানে – 4 ও 4 মধ্যে 7 টি পূর্ন সংখ্যা আছে। সেগুলি হচ্ছে –3, –2, –1, 0, 1, 2, 3। দুটি পূর্ণসংখ্যার মধ্যে এক নির্দিষ্ট সংখ্যক পূর্ণ সংখ্যা আছে।

এখন দেখব, দুটি পরিমেয় সংখ্যার মধ্যে কয়েটি পরিমেয় সংখ্যা আছে?

লীনা দুটি পরিমেয় সংখ্যা $\frac{-2}{3}$ ও $\frac{-3}{7}$ নিয়ে সে দুটি সমান হর বিশিষ্ট পরিমেয় সংখ্যায় পরিণত করে।

এমন লিখল $\frac{-2}{3}=\frac{-2\times7}{3\times7}=\frac{-14}{21}$ ও $\frac{-3}{7}=\frac{-3\times3}{7\times3}=\frac{-9}{21}$

আমরা জানি $\frac{-14}{21}<\frac{-13}{21}<\frac{-12}{21}<\frac{-11}{21}<\frac{-10}{21}<\frac{-9}{21}$

কিম্বা $\frac{-2}{3}<\frac{-13}{21}<\frac{-12}{21}<\frac{-11}{21}<\frac{-10}{21}<\frac{-3}{7}$

অর্থাৎ $\frac{-2}{3}$ ও $\frac{-3}{7}$ মধ্যে কত গুলি পরিমেয় সংখ্যা আছে।

বল দেখিঃ
-1 ও 1 মধ্যতে কতটা পূর্ণ সংখ্যা আছে -2 ও -3 মধ্যে কতটা পূর্ণ সংখ্যা আছে।

পুনশ্চ অবদুল $\frac{-2}{3}$ ও $\frac{-3}{7}$ কে সমহর করার জন্যে এমন করল। সে পরিমেয় সংখ্যা দুটিকে 42 হর বিশিষ্ট সংখ্যায় পরিণত করল।

$$\frac{-2}{3}=\frac{-2\times14}{3\times14}=\frac{-28}{42} \text{ ও } \qquad \frac{-3}{7}=\frac{-3\times6}{7\times6}=\frac{-18}{42}$$

এবং $\frac{-28}{42}$ ও $\frac{-18}{42}$ মধ্যে থাকা পরিমেয় সংখ্যা গুলিকে

$$\frac{-28}{42}<\frac{-27}{42}<\frac{-26}{42}<\frac{-25}{42}<\frac{-24}{42}<\frac{-23}{42}<\frac{-22}{42}<\frac{-21}{42}<\frac{-20}{42}<\frac{-19}{42}<\frac{-18}{42}$$

$$\Rightarrow-\frac{2}{3}<\frac{-9}{14}<\frac{-13}{21}<\frac{-25}{42}<\frac{-4}{7}<\frac{-23}{42}<\frac{-11}{21}<\frac{-1}{2}<\frac{-10}{21}<\frac{-19}{42}<\frac{-3}{7}$$

লীনা $\frac{-2}{3}$ ও $\frac{-3}{7}$ এর মধ্যে 4 টি পরিমেয় সংখ্যা নির্ণয় করার বেলা অবদুল 9 টি পরিমেয় সংখ্যা নির্ণয় করল। তাই আমরা দুটি পরিমেয় সংখ্যার মধ্যে অনির্দ্দিষ্ট সংখ্যক পরিমেয় সংখ্যা নির্ণয় করতে পারব।

উত্তর লেখ ঃ

(ক) $\frac{1}{2}$ ও $\frac{1}{5}$ এর মধ্যে পাঁচটি পরিমেয় সংখ্যা।

(খ) $\frac{2}{7}$ ও $\frac{-1}{7}$ এর মধ্যে তিনটি পরিমেয় সংখ্যা।

উদাহরন ঃ

2 ও 3 এর মধ্যে তিনটি পরিমেয় সংখ্যা নির্ণয় কর।

সমাধান ঃ

প্রথমে 2 ও 3 কে সমান হর বিশিষ্ট পরিমেয় সংখ্যায় পরিণত করব।

$$2 = \frac{8}{4}$$

$$3 = \frac{12}{4}$$

$$\frac{8}{4} < \frac{9}{4} < \frac{10}{4} < \frac{11}{4} < \frac{12}{4}$$

$$\Rightarrow 2 < \frac{9}{4} < \frac{5}{2} < \frac{11}{4} < 3$$

অর্থাৎ 2 ও 3 এর মধ্যে থাকা তিনটি পরিমেয় সংখ্যা হচ্ছে $\frac{9}{4}, \frac{5}{2}, \frac{11}{4}$

জান কি?

$\Rightarrow$ চিহ্নটির অর্থ হচ্ছে "ইহা সুচায়"

এরকম আমরা 2 ও 3 এর মধ্যে অসংখ্য পরিমেয় সংখ্যা নির্ণয় করতে পারব।

অভ্যাস কার্য্য 5.9

1. 3 ও 4 এর মধ্যে তিনটি পরিমেয় সংখ্যা নির্ণয় কর।

2. -1 ও 1 এর মধ্যে থাকা 3 টি পরিমেয় সংখ্যা নির্ণয় কর।

3. $\frac{-2}{5}$ ও $\frac{2}{5}$ এর মধ্যবর্ত্তী 4টি পরিমেয় সংখ্যা নির্ণয় কর।

4. $\frac{-1}{2}$ ও $\frac{1}{2}$ মধ্যবর্ত্তী 3টি পরিমেয় সংখ্যা নির্নয় কর।

ষষ্ঠ অধ্যায়

বীজ গণিত

6.1. আমরা যা জানি ঃ

ষষ্ঠ শ্রেনীতে আমরা চল রাশি, বীজ গণিতিক রাশি বীজ গণিতিক রাশির সংযুক্ত পদ এবং পদের সহগ সম্পর্কেও অবগত হয়েছি। এস সেগুলিকে মনে করব।

চলরাশি

আমরা বীজ গনিতে চল রাশির আবশ্যকতা সম্বন্ধে আলোচনা করেছিলাম। চল রাশি গুলিকে x, y, l, m,.......দ্বারা কেবল নাম করন করা যায়। x, y, l, m,......কে আক্ষরিক বীজ বলা হয়। পুর্ব্বোক্ত প্রত্যেক বীজ যে কোন এক সংখ্যাকে সুচায়। অর্থাৎ এক বীজের কোন এক নির্দিষ্ট মান না থাকার সময় ধ্রুবক গুলির মান অপরিবর্ত্তনীয়।

পদ এবং বীজ গানিতিক রাশি ঃ

চলরাশি ও ধ্রুবক গুলি নিয়ে পদের সৃষ্টি হয়ে থাকে। কতক পদকে নিয়ে এক বীজ গানিতিক রাশি গঠিত হয়ে থাকে।

নিম্নে উদাহরনে দেখব,

$4x+5$ এক বীজ গানিতিক রাশি।

$4x$ ও 5 পূর্ব্বোক্ত রাশির একটা একটা পদ।

সেরকম $3-4xy+5x^2$, $10y-x$ আদি একটা একটা বীজ গানিতিক রাশি। উক্ত রাশিগুলিতে থাকা x ও y একটা করে চলরাশি।

$3-4xy+5x^2$ এক তিনপদ বিশিষ্ট বীজ গানিতিক রাশি হওয়ার সময়ে $10y-x$ দুপদ বিশিষ্ট এক বীজগানিতিক রাশি। তোমরা জান দুই বা ততধিক পদ বিশিষ্ট রাশিকে বহুপদ বিশিষ্ট রাশি বলা হয়।

সহজ ঃ

আমরা জানি যে একটি পদে থাকা দুটি উৎপাদকের মধ্যে একটিকে অন্যটির সহগ বলা হয়।

উদাহরন স্বরূপ

2ab পদটির 2 এক সাংখিক সহজ।

2a, b র সহগ এবং

2b, a র সহগ।

সাধারনতঃ 2 কে ab সহগ বলে বলা হয়।

সদৃশ ও অসদৃশ পদ ঃ

পদ গুলির আক্ষরিক বীজ গুলিকে সমান এবং বীজ গুলির ঘাতাঙ্ক সমান হয়ে থাকলে। উক্ত পদ গুলিকে সাদৃশ পদ। অন্যথা অসাদৃশ পদ বলা হয়ে থাকে।

উদাহরন স্বরূপ ঃ

$12x, -2x, 7x, x$ প্রভৃতি সাদৃশ পদ

$7xy, 3x^2y, -2x$ প্রভৃতি অসাদৃশ পদ

অভ্যাস কার্য্য 6.1

1. নিম্ন বীজগানিতিক রাশি গুলেকের পদ সংখ্যার স্থির কর এবং পদগুলিকে আলাদা আলাদা করে লেখ।

ক) $-4x+5$ খ) $-4x+5y$ গ) $3y+2y^2$

ঘ) $1+x+x^2$ ঙ) $5xy^2+5x^2y-3xy$ চ) $Pq+q$

ছ) $4p^2-3q^2$ জ) $2x+\frac{1}{4}$

2. যে বীজ গানিতিকর রাশির ধ্রুবক সংখ্যা ভিন্ন অন্য প্রত্যেক পদের সাংঘিক সহগ গুলি লেখ।

ক) $5-3t^2$ খ) $7xy-5x^2-2$ গ) $-P^2q^2+7pq$

ঘ) $x+2xy+3y$ ঙ) $m+3n$

3. 'x' চল রাশি বিশিষ্ট পদগুলিকে চিহ্ন কর এবং পদগুলিকের থেকে 'x' এর সহগ স্থির কর।

ক) xy^2+x খ) $13y^2-8xy$ গ) $2-x$

ঘ) $x+y+2$ ঙ) $12xy^2+25$ চ) $7xy+xy^2$

4. নিম্নলিখিত ক্ষেত্রে সাদৃশ পদ গুলিকে একত্র করে লেখ।

ক) $4-xy^2, -4yx^2, 8x^2, 2xy^2, 7y, -11x^2, -100x, -11yz, 20x^2y, 5x, -3$

খ) $10pq, 7p, 8q, p^3q^2, 7qp, -100p, -23, 12q^2p^2, -3p, 7, 20q^2p^3, 78pq, 13p^2q, qp^2, 701p^2$

6.2. বীজগানিতিক রাশিদের ক্ষেত্রে যোগ ও বিয়োগ ঃ

নিম্ন পরিস্থিতি গুলিকে অনুধান করঃ

প্রথম পরিস্থিতি -

একটা ফলের দোকানীর কাছ থেকে নবীন যাতাটা কমলা কিনল।

সিমুন তার দুগুন থেকে তিনটি কম সংখক কমলা কিনল।
যদি আমরা নবীন কিনে থাকা সংখ্যাকে এক চল রাশি x দ্বারা সূচাব।

অর্থাৎ, আমরা মনে করে নেব যে নবীন কিনে থাকা কমলা সংখ্যা $= x$

বর্ত্তমান নবীন ও সিমুন মোট কমলা কিনে ছিল তা জানার চেষ্টা করব।

নবীন ও সিমূন কিনে থাকা মোট কমলা সংখ্যা কেনার জন্যে আমাদের x ও $2x-3$ কে যোগ করার আবশ্যক।

x ও $2x-3$ প্রত্যেক একটা একটা বীজ গানিতিক রাশি এবং সে দুটি রাশিকে যোগ করলে, নবীনও সিমুন কিনে থাকা মোট কমলা সংখ্যা জানা যাবো।

দ্বিতীয় পরিস্থিতি ঃ

x মিটার দীর্ঘ ও y মি. প্রস্থ বিশিষ্ট এক আয়তক্ষেত্রের ক্ষেত্রফল থেকে একটা বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 15 বর্গ মিটার অধিক হয়েথাকার সময়, অন্য এক বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 7 বর্গ মিটার কম। প্রথমে বর্গক্ষেত্রর ক্ষেত্রফল দ্বিতীয় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল থেকে কত বর্গ মিটার অধিক।

এখানে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য x প্রস্থ= $x \times y = xy$ ব.মি.

প্রথম বর্গক্ষেত্র ক্ষেত্রফল = $(xy + 15)$ ব.মি.

দ্বিতীয় বর্গক্ষেত্রে ক্ষেত্রফল = $xy - 7$ ব.মি.

প্রশ্নটির উত্তর পাওয়ার জন্য$(xy + 15)$ ও $(xy - 7)$ বীজ গানিতিক রাশি দ্বায়ের বিয়োগফল স্থির করতে হবে।

উপরোক্ত দুটি সারা পরিস্থিতির উত্তর পাওয়ার জন্যে আমাদের বীজগানিতিক রাশিদের .ক্ষেত্রের যোগও বিয়োগ কেমন হয় তা জানা দরকার।

ষষ্ঠ শ্রেনীতে আমরা কম বেশি সাদৃশ পদ গুলির ক্ষেত্রে কেমন যোগ ও বিয়াগ প্রক্রিয়া সম্পাদিত হয় তা জেনেছি। এস সেগুলিকে মনে ফেলব।

তলায় জিজ্ঞাসা করা প্রশ্নগুলির উত্তর বল ঃ



মোট কয়টা আম হল ?

আমরা দেখলাম



3 টি আম ও 5 টি কলা একত্র হলে, বলতে পরি কি 8 টি কলা বা 8টি আম ?

আমরা দেখলাম দুটো ঝুড়িতে থাকা এক রকমের ফলকে একত্র করলে, ফলগুলিকের সংখ্যা মিশে গেছে। এই হল সাদৃশ পদের নমূনা।

কিন্তু ভিন্ন প্রকারের ফল দুটি সমুহকে একত্র করলে, তাদের সংখ্যা মিশতে পারবে না, এই হচ্ছে অসদৃশ পদের নমুনা ইহাকে বীজ গানিতিক রাশিদের যোগক্ষেত্রে ব্যবহাক করব।

উদাহরন-1

$3x$ ও $4x$ এর যোগ ফল স্থির করব।

সমাধানঃ

$$
\begin{aligned}
3x+4x &= 3\times x+4\times x \\
&= (3+4)\times x \\
&= 7\times x = 7x
\end{aligned}
$$

(সংখ্যাদের ক্ষেত্রে ব্যবহৃত বন্টন নিয়মের প্রয়োগ করা হল।)

$\therefore\ 3x+4x=7x$

জান কি?

দুই বা ততোধিক সদৃশ পদ যোগফল স্থির করবার হলে সদৃশ পদ গুলো সাংক্ষিক সহগ মান গুলোর যোগফল স্থির করা হয়।

উদাহরন-2

$2xy,\ 3xy$ এবং $5xy$ এক যোগফল স্থির করব।

সমাধানঃ

$$
\begin{aligned}
2xy+3xy+5xy &= 2\times xy+3\times xy+5\times xy \\
&= (2+3+5)\times xy \\
&= 10\times xy = 10xy
\end{aligned}
$$

$\therefore\ 2xy+3xy+5xy=10xy$

ଜାଣିଛ କି ?

সদৃশ পদ মান গুলো বিয়োগ ফল স্থির করবার হলে পদ গুলোর সাংক্ষিক সহগ গুলোর বিয়োগ ফল স্থির করবার হয়।

উদাহরন-3

5 ab থেকে 3ab বিয়োগ করব।

ସମାଧାନ :

$$
\begin{aligned}
5ab-3ab &= 5\times ab-3\times ab \\
&= (5-3)\times ab \\
&= 2\times ab = 2ab
\end{aligned}
$$

(বন্টন নিয়ম ব্যবহার করা হল)

মনে রাখ -

অসদৃশ পদের যোগ এবং বিয়োগ থেকে একটা নতুন পদ পাওয়া যায় না। যথা ঃ $2x^2$ ও $3xy$ এর যোগফল $= 2x^2 + 3xy$

6.2.1 বীজ গানিতিক রাশিদের যোগফল নির্ণয় কর ঃ

উদাহরন - 4

সরল কর ঃ $7x - 3y - 2x + 7y - 4x$

সমাধান ঃ $7x - 3y - 2x + 7y - 4x$

$= 7x - 2x - 4x - 3y + 7y$

$= (7 - 2 - 4)x + \{(-3) + 7\}y$

$= (7 - 6)x + (7 - 3)y$

$= 1 \times x + 4 \times y = x + 4y$

উপরে দেওয়া উদাহরনকে লক্ষ করে নিম্ন প্রশ্ন গুলির উত্তর লেখ।

- কোন গানিতিক পরিপ্রকাশকে সরল করতে বলা হয়েছে?
- এই গানিতিক পরিপ্রকাশে মোট কয়টি পদ আছে ও সেগুলি কি?
- x বীজ থাকা পদ ও y বীজ থাকা পদ গুলিকে চেনাও।
- এই পরি প্রকাশে সাদৃশ পদ গুলিকে একত্র করে সাজিয়ে লিখলে কি পাব?
- এমন x বীজ থাকা পদ গুলির সমষ্টি কত?
- y বীজ থাকা পদ গুলির সমষ্টি কত?
- নির্ণয় উত্তর কত হল?

উদাহরন-5

$2x + 5y - 8$ ও $4x - 3y$ বীজ গানিতিক রাশিদের যোগফল স্থির কর।

সমাধান ঃ

$2x + 5y - 8$ ও $4x - 3y$ এর যোগ $= 2x + 5y - 8 + 4x - 3y$

$= (2x + 4x) + \{5y + (-3y)\} - 8$ (ସଦୃଶ ପଦ ଗୁଡ଼ିକୁ ଏକାଠି କରାଗଲା।

$= (2 + 4)x + \{5 + (-3)\}y - 8$

$= 6x + 2y - 8$

$\therefore$ $2x + 5y - 8$ ও $4x - 3y$ ର যোগফল $6x + 2y - 8$

উদাহরন - 6

যোগ কর ঃ $3x^2 - 6x - 2, 8x + 5 - x^2, -4 + x + 2x^2$

সমাধান ঃ

প্রথম প্রনালী ঃ

যোগফল $= 3x^2 - 6x - 2 + 8x + 5 - x^2 - 4 + x + 2x^2$

$= 3x^2 - x^2 + 2x^2 - 6x + 8x + x - 2 + 5 - 4$ (এমন কোন লেখা হল?)

$= (3 - 1 + 2)x^2 + \{(-6 + 8 + 1)\}x - 2 + 5 - 4$ (এই সোপানে কি করা হল)

$= (3 + 2 - 1)x^2 + (8 + 1 - 6)x + 5 - 2 - 4$ (এই সোপানে কি করা হল?)

$= 4x^2 + 3x - 1$

দ্বিতীয় প্রনালী ঃ

$$3x^2-6x-2, \qquad 8x+5-x^2, \qquad -4+x+2x^2$$

এই তিনটি বীজগনিতিক রাশিকে নির্ম্ন মতে ও লিখতে পারব।

$$3x^2-6x-2, \qquad -x^2+8x+5, \qquad 2x^2+x-4$$

এমন তিনটি যারা রাশিতে থাকা সদৃশ পদ গুলিকে তলায় তলায় লিখব।

$$\begin{array}{r} 3x^2-6x-2 \\ -x^2+8x+5 \\ 2x^2+x-4 \\ \hline 4x^2+3x-1 \end{array}$$

ওপরে উদাহরনের দ্বিতীয় প্রনালীতে করা যাওয়া সমাধানকে লক্ষ কর।

- প্রথমে বীজগনিত রাশিগুলির পদগুলিকের সব চাইতে বড় ঘাতাঙ্ক থেকে সব থেকে ছোট ঘাতাঙ্ক ক্রমে সাজাব। অর্থাৎ x^2 থাকা পদ কে প্রথমে রাখব x থাকা তারপর ও x না থাকা পদবে পরে রাখব।
- বীজ গনিতিক রাশি তিনটিকে তলায়তলায় লিখব যেমন সদৃশ পদ গুলিকে তলায় তলায় থাকবে।
- এখন সদৃশ পদ গুলিকে যোগ করে যোগফল নির্ময় করা হবে।

অভ্যাস কার্য্য 6.2

1. সাদৃশ পদগুলিকে একত্র করে সরল কর।

   ক) $21b-7a+3b-2a$

   খ) $-z^2+13z^2-5^z+7z^3-15z$

   গ) $3a-2b-c-5b+6c+2a$

   ঘ) $6ab+2a-3ab-ab+5a$

   ঙ) $5x^2y-5x^2+3yx^2-3y^2+x^2+y^2+4xy^2-2y^2$

2. যোগফল স্থির কর।

   ক) $3mn, -5mn, 8mn, -4mn$ খ) $5a, 8a, -9a, -2a$

   গ) $a+b-3, b\ -2a+3$ ঘ) $-7mn+5, 2mn+2$

   ঙ) $x^2-2y+3, 3y^2+5y-7$ চ) $14x+10y-12xy-13, 18-7x-10y+8xy$

   ছ) $5m-n+5, 3m+4n-1$ জ) $x^2-y^2-1, y^2-1-x^2, 1-x^2y^2$

6.2.2 বীজ গানিতেক রাশিদের ক্ষেত্রে বিয়োগ ঃ

ষষ্ট শ্রেনীতে আমরা পূর্ণ সংখ্যার ক্ষেত্রে বিয়োগ প্রনালী যেমন হয়, তা জেনেছি। তা হল একটা সংখ্যাকে বিয়োগ করার অর্থ, ইহারা যোগাৎমক বিলোমী বা ইহার বিপরীত সংখ্যাকে যোগ কর।

উদাহরন স্বরূপ

$5-(-3)=5+3=8$

অর্থাৎ a ও b দুটি পূর্ণ সংখ্যা হলে $a-b=a+(-b)$

উদাহরন - 7

$8xyz$ থেকে $-5xyz$ বিয়োগ কর,।

সমাধানঃ

$8xyz-(-5xyz)$

$=8xyz+5xyz$ [$-5xyz$ এর বিলোমী যোগ করা হল]

$=(8+5)xyz=\underline{13xyz}$ [বন্টন নিয়ম প্রয়োগ]

উদাহরন - 8

$2a+5b-3c$ থেকে $a+3b-2c$ • বিয়োগ করা রাশি অর্ন্তভুক্ত)

সমাধানঃ

প্রথম প্রনালী -

$(2a+5b-3c)-(a+3b-2c)$

$=2a+5b-3c-a-3b+2c$

$=2a-a+5b-3b-3c+2c$

$=(2-1)a+(5-3)b+\{(-3)+2\}c$

$=a+2b-c$

বিকল্প প্রনালী -

$2a+5b-3c$

$-a\ -3b+2c$

$a\ +2b-c$ (সাদৃশ পদ গুলিকে তলায় তলায় সাজিয়ে লেখা হয়ে বিয়োগ হওয়া রাশির সমস্ত পদের বিলোমী নেবার জন্যে প্রত্যেক পদের চিহ্ন পদলে দেওয়া হল। ইহাকে স্তম্ভ প্রনালীতে বিয়োগ কর।)

উদাহরন - 9

$3a-2b+c,\ 3b-5c+2a$ ও $c-a+2b$ যোগফল থেকে $4c-2a+2b$ বিয়োগ কর।

সমাধানঃ

$3a-2b+c,\ 3b-5c+2a$ ও $c-a+2b$

$=3a-2b+c+3b-5c+2a+c-a+2b$

$=3a+2a-a-2b+3b+2b+c+c-5c$

$=(3+2-1)a+\{(-2)+3+2\}b+(1+1-5)c$

$=4a+3b-3c$

এখন $4a+3b-3c$ থেকে $4c-2a+2b$ বিয়োগ করব।

$=(4a+3b-3c)-(4c-2a+2b)$ (বিয়োগ হওয়ার রাশির প্রত্যেক পদের বিলোমীকে যোগ করা হয়েছে।)

$=4a+3b-3c-4c+2a-2b$ (সদৃশ পদগুলিকে একত্র করে সাজান হয়েছে)

$=4a+2a+3b-2b-3c-4c$ (সাদৃশ পদের যোগফল নির্ণয় করা হয়েছে)

$=(4+2)a+(3-2)b+\{(-3)+(-4)\}c$

$=6a+b-7c$

নির্ণয় উত্তর $=6a+b-7c$

অভ্যাস কার্য্য 6.3

1. বিয়োগ কর ঃ

   ক) $-5y^2$ ରୁ y^2 খ) $-12xy$ ରୁ $6xy$ গ) $5mn$ ରୁ $3nm$

   ঘ) $3a^2b$ ରୁ $-2a^2b$ ঙ) $-8xyz$ ରୁ $7xyz$ ত্ন) $-7xy$ ର $-8xz$

2. বিয়োগ কর

   ক) $5a+b$ ରୁ $3a-2b$ খ) $5xy-4zyz-2xy$ ରୁ $3xyz+5xy-2xy$

   গ) $5p-q-2r$ ରୁ $3p-2q+r$ ঘ) $-m^2+5mn+2n^2$ ରୁ $4m^2-3mn+5n^2$

3. ক) $2x$ সহিত কোন রাশি যোগ করলে যোগফল $5x$ হবে ?

   খ) $7xy$ র সহিত কত যোগ করলে $3xy$ হবে ?

   গ) x^2+xy+y^2 রে কোন রাশি যোগ করলে যোগফল $2x^2+3xy$ হবে ?

   ঘ) $8x^2y$ থেকে কোন রাশি বিয়োগ করলে বিয়োগফল $3x^2y$ হবে ?

   ঙ) $2a+8b+10$ থেকে কোন রাশি বিয়োগ করলে বিয়োগ ফল $-3a+7b+16$ হবে ?

   চ) $x^2-2xy+3y^2$ অপেক্ষা $-x^2+5xy-2y^2$ কত বেশী ?

4. ক) $2xy-zy-zx$ ও $2yz-zx+xy$ এর যোগফল থেকে $xy-yz-zx$ ବିୟୋଗ କରି ବିୟୋଗଫଳ ସ୍ଥିର বিয়েঅঘ করে বিয়োগফল স্থির কর।

   খ) $3x-y+11$ ও $-y-11$ এর যোগফল $4x-3y+5$ থেকে কত কম্ ?

   গ) $2x+y-3z$ ও $x-y+z$ এর যোগফল থেকে $5x-7y+z$ কত বেশি ?

6.3 সমীকরন ও তার সমাধান ঃ

পূব্ববর্ত্তী অধ্যায় আমরা এক বা একাধিক চলরাশিকে নিয়ে কিভাবে ভিন্ন ভিন্ন বীজগনিত রাশি গঠন করা যায় তা আমরা শিখেছি, আমরা এও জানি যে এক চল রাশি বিভিন্ন সংখ্যক মানকে সুচাতে পারে। এবং ভিন্ন ভিন্ন অক্ষর দ্বারা চিহ্নিত হয়। সাধারনত ঃ x, y, z, l, m, n আদি অক্ষর দ্বারা চল রাশিদের চিহ্নিত করা হয়।

তলার শ্রেনীতে আমাদের নিম্ন প্রকারের প্রশ্ন জিজ্ঞাসা করা হয়। একটা প্রশ্নকে ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ করা যাওয়া হয়।

প্রথম প্রশ্ন : কোন সংখ্যার সহিত 7 যোগ করলে 11 হবে ?

দ্বিতীয় প্রশ্ন : শূন্যস্থান পূরন কর ,.............. সহিত 7 যোগ করলে 11 হয়।

তৃতীয় প্রশ্ন : $* + 7 = 11$

তারক(*) চিহ্ন কোন সংখ্যাকে বোঝা যায় ?

প্রথম প্রশ্নের কোন সংখ্যা দ্বিতীয় প্রশ্নের শূন্য স্থান সূচক (........ চিহ্ন) এবং তৃতীয় প্রশ্নর তারকা(*) চিহ্ন সকলে একটা অজানা সংখ্যাক সূচায়। বর্ত্তমান এই অজানা সংখ্যার জন্যে আমরা x মস্কে ব্যবহার করে পূর্ণবার তৃতীয় প্রশ্নকে লিখব। তবে তৃতীয় প্রশ্নের অন্য রূপ হবে - $x+7=11$

অর্থাৎ পূর্ব্বোক্ত প্রশ্নটিকে নিম্ন রূপে লিখতে পারব।

চতুর্থ প্রশ্ন : "$x+7=11$ হলে $\boldsymbol{x}$ এর মান কত ?"

এখানে আমরা দেখছি বীজগনিত রাশি $x+7$ কে অন্য এক রাশি ।11 সহিত সমান বলে বলা হয়েছে। ইহা এক উক্তি যেখানে দুটি রাশিকে সমান বলে বলা হয়ে। প্রথম প্রশ্নের সমাধান আমরা তলার শ্রেনীতে নিম্ন মতে বলে ছিলাম।

নির্ণয় সংখ্যা $= 11-7=4$

প্রশ্ন - 4 এ থাকা সমীকরন অজ্ঞাত রাশি বলে বলা হয় এই উক্তিকে একটা সমীকরন বলে বলা হয়। সমীকরনে থাকা x এর স্থানে 4 নেওয়া হয় , কি প্রশ্ন যাবে এস দেখব।

$x+7=11$, x এর স্থানে 4 নেওয়া হল। $4+7=11$ ବା $11 = 11$ গুন্দয গুনদ্বহট্রশুনভ

ଯଦି ପୂବୋକ୍ତ ସମୀକରଣର ଅଜ୍ଞାତ ରାଶି x ସ୍ଥାନରେ 5 ନିଆଯାଏ, କ'ଣ ମିଳିବ ଆସ ଦେଖିବା-

$x+7=11$

$5+7=11$ (x স্থানে 5 নিলে)

$\Rightarrow 12=11$

ইহা সত্য নয়।

এই রকম পরীক্ষা করে দেখা যেতে পারে x এর স্থানে 4 ছাড়া অন্য কোন সংখ্যা বসালে সমীকরনটি এক সদত্য উক্তিতে পরিনত হবে না।

আমরা বলি x এর মান 4 এর জন্যে সমীকরন টি সিদ্ধ হয়। আমরা ও বলি।

$x+7=11$ সমীকরন এর সমাধান হচ্ছে $x=4$

নিম্ন সারনীতে খালি ঘর পূরন কর (উত্তর 'হ্যা' কিম্বা 'না' হবে)

ক্রমিক সংখ্যা	সমীকরন	মূল্য	মূল্যর জন্যে সমীকরন সিদ্ধ হচ্ছে কি না।
1	$x+3=0$	$x=3$	
2	$x+3=5$	$x=2$	
3	$3x=1$	$x=1$	
4	$\frac{3}{x}=5$	$x=15$	
5	$5x=16-1$	$x=3$	
6	$\frac{m}{3}=2$	$m=6$	
7	$a-7=1$	$a=6$	
8	$a+3=2a$	$a=3$	

উক্তি গুলি সারনীর বামদিগের স্তম্ভে লেখা হয়েছে প্রত্যেক উক্তিকে গানিতিক সংকেত ব্যবহাক করে সারনীর ডান দিগের স্তম্ভে লেখা হয়েছে।

উক্তি	গানিতিক সংকেত ব্যবহার করে লেখা হয়েছে।
(A) 4 এর সঙ্গে x মিশলে 9 হয়।	(1) $4+x=9$
(B) x থেকে 7 কমে গেলে 6 হয়	(2) $x-7=6$
(C) x এর 9 গুন 12 সহিত সমান	(3) $9x=12$
(D) y এর দুগুন থেকে 6 অধিক 18 সহিত সমান	(4) $2y+6=18$
(E) x ও b এর দুগুনের সমষ্টি 15 হয়।	(5) $x+2b=15$

তোমরা লক্ষ্য কর, সারনীর জন দিগের স্তম্ভে প্রত্যেক গানিতিক উক্তিকে একটা একটা সমীকরন বলা হবে। প্রথমে চারটি সমীকরনে একটা করে অজ্ঞাত রাশি x অথবা y প্রত্যেক সমীকরনকে এক অজ্ঞাত রাসি বিশিষ্ট সমীকরন বলা হয়। (5) এ থাকা সমীকরনকে দুই অজ্ঞাত রাশি বিশিষ্ট সমীকরন বলা হয়। যে সমীকরনে অজ্ঞাত রাশির সর্বোচ্চ ঘাত 1 হয়ে থাকে, তা' কে সরল বা এক ঘাতী সমীকরন বলব। ফলে (1) থেকে (5) পর্য্যন্ত প্রত্যেক সমীকরন এক সরল সমীকরন।

এই অধ্যায়ে আমরা কেবল এক অজ্ঞাত রাশি বিশিষ্ট একঘাতী বা সরল সমীকরন কথা আলোচনা করব। **সমীকরন সম্বন্ধে কয়টি জানার কথা ঃ**

- দুটি বীজগানিতিক রাশির মধ্যে এক সমান তাতে সমীকরন বলা হয়।
- সমীকরনের দুটি পার্শ্ব আছে। যথা বাম পাশ্বে এবং দক্ষিন পার্শ্ব। সমীকরনের দুই পার্শ্বর মধ্যে খুব কমে একটা পার্শ্ব অজ্ঞাত রাশি বিশিষ্ট হওয়া দরকার।

- সমীকরনে ব্যবহৃত অজ্ঞাত রাশির সর্ব্বোচ্চ ঘাত অনুযায়ঈ সমীকরনের নাম করন করা হয়। যথাঃ একঘাতী দ্বিঘাতী ইত্যাদি।
- সমীকরনে ব্যবহৃত অজ্ঞাত রাশ, তাদের সংখ্যা অনুযায়ী সমীকরনের ও নামকরন করা গিয়ে থাকে। যথা ঃ এক অজ্ঞাত রাশি বিশিষ্ট, দুই অজ্ঞাত রাশি বিশিষ্ট ইত্যাদি।
- অজ্ঞাত রাশির যে মানের জন্যে সমীকরনটি সিদ্ধ তাক্তে সমীকরনের সমাধান বলা হয় (এক অজ্ঞাত রাশি বিশিষ্ট এর ঘাতী সমীকরনের এক মাত্র সমাধান সম্ভব।)

অভ্যাস কার্য্য 6.4

1. অজ্ঞাত রাশি বিশিষ্ট সরল বা একঘাতী সমীকরন গুলি কে বেছে লেখ।

   (ক) $2x + 3 = 7$ (খ) $y + 5 = x + 2$ (গ) $z + 2 = 7z - 4$

   (ঘ) $2x + 7 = 5 + x$ (ঙ) $y - 7 = 5y - 8$ (চ) $xy - 5 = x + 3$

   (ছ) $x^2 - 3x = 2$ (জ) $2x - 7 = 8$

2. x কে অজ্ঞাত রাশি রুপে নিয়ে নিম্ন উক্তি গুলিকে গানিতিক উক্তিতে প্রকাশ কর।

   (ক) একটা সংখ্যার থেকে 3 বিয়োগ করলে বিয়োগ ফল 7 হয়।

   (খ) 10 একটা সংখ্যার দুগুন থেকে 4 কম।

   (গ) কেটা সংখ্যার তিন ভাগের এক ভাগ হচ্ছে 6।

   (ঘ) একটা সংখ্যা 5 থেকে যত বেশী, 15 থেকে তত কম।

   (ঙ) একটা সংখ্যার 6 গুনের থেকে 7 বিয়োগ করলে বিয়োগফল 3 হয়।

   (চ) রমার বর্ত্তমান বয়স x বছর নিয়ে (i) 5 বছর পরে তা'র বয়স কত হবে? (ii) 3 বছর পূর্বে তার বয়স কত ছিল লেখ।

3. নিম্ন লিখিত সমীকরন গুলিকে সাধারন উক্তিতে প্রকাশ কর।

   (ক) $x - 5 = 9$ (খ) $5p = 20$

   (গ) $3n + 7 = 1$ (ঘ) $x = -2$

4. নিম্ন প্রশ্ন গুলির তে থাকা অজ্ঞাত সংখ্যাকে x নিয়ে প্রশ্ন গুলিকে সমীকরন রুপে লেখ।

   (ক) কোন সংখ্যার দুগুন 16 সঙ্গে সমান ?

   (খ) কোন সংখ্যায় 7 কমিয়ে দিলে 12 পাওয়া যাবে?

(গ) কোন সংখ্যায় এক তৃতীয়ংশ 5 সঙ্গে সমান ?

(ঘ) কোন সংখ্যায় এক চতুথাংশ হচ্ছে 5 ?

(ঙ) কোন সংখ্যার থেকে 8 অধিক হচ্ছে 15 ?

5. নিম্নে সূচনা গুলিকে অনুধাবন করে তাকে সমীকরন মাধ্যমে প্রকাশ কর।

(ক) রোজীর বাবার বয়স 49 বছর। বাবার বয়স রোজী বয়েসের থেকে তিন গুনের 4 বেশী। রোজীর বয়স 'y' নাও।

(খ) ইরফানের কাছে থাকা মার্বেলের সংখ্যা 37 । ইরফান বলল পারমিতার কাছে থাকা মার্বেল সংখ্যার পাঁচ গুনের থেকে 7টি বেশী মার্বেল আমার কাছে আছে। পারমিতার কাছে থাকা মার্বেল কে x নাও।

6.4 সমীকরনের সমাধান প্রনালী ঃ

পূর্ব অনুচ্ছেদের সমীকরন ও তার সমাধান বললে কি বোঝায় ? সে বিষয় সাম্যক আলোচনা করা হয়েছে। মনে ফেলতে চেষ্টা কর।

$4x+5=17$ একটা সমীকরন ও এখানে থাকা অজ্ঞাত রাশি 'x' এর মানকে সমীকরনের সমাধান বলা হয়।

কোন সংখ্যার 4 গুনের থেকে 5 বেশী হলে 17 সহিত সমান হবে। এস সেই সংখ্যাটি নির্ণয় করার নিমিত্ত প্রনালীদের বিষয় আলোচনা করব।

x এর জন্যে বিভিন্ন সংখ্যা নিয়ে পরীক্ষা করে দেখব।

x কে যদি 0 নেওয়া হয়।

$4x+5=4\times0+5=0+5=5$

x কে যদি 1 নেওয়া হয়- $4x+5=4\times1+5=4+5=9$

x কে যদি 2 নেওয়া হয় - $4x+5=4\times 2+5=13$

x কে যদি 3 নেওয়া হয় - $4x+5=4\times3+5=12+5=17$

আমরা দেখলাম, x এর মান 3 হলে সমীকরন টি সিদ্ধ হচ্ছে।

$\therefore$ $4x+5=17$ সমীকরনটির সমাধান হচ্ছে 3 ।

উদাহরন -10

$x-7=-3$ সমীকরনের সমাধান কর।

সমাধান ঃ

এখানে $x-7=-3$ একটা সমীকরন। সমীকরনের বাম পার্শ্বে $x-7$ এবং দক্ষিন পার্শ্বে $-$ 3 ।

বর্ত্তমান সমীকরনে থাকা x রে জন্যে ক্রমান্বয়ে 0, 1, 2.... আদি মান নিয়ে বাম পার্শ্বকে সরল করব, কোন মানের জন্যে বাম পার্শ্ব, দক্ষিন পার্শ্বের সহিত সমান হচ্ছে দেখব।

সমীকরন	চলরাশি 'x' এর মান	বাম পার্শ্বে	দক্ষিন পার্শ্বে
$x-7=-3$	0	-7	-3
	1	-6	-3
	2	-5	-3
	3	-4	-3
	4	-3	-3

লক্ষ্য কর, x এর মান 4 এর জন্যে উপরের সমীকরনের বামপার্শ্ব, দক্ষিন পার্শ্বের সহিত মনান হল।

আমরা বলি সমীকরনটি $x=4$ এর জন্যে সিদ্ধ হল।

তাই সমীকরনের সমাধান বা মূল হচ্ছে 4 ।

অন্য এক উদাহরন নিয়ে এই প্রনালীহর সমাধান করব।

> জান কি?
> সমীকরনকে সিদ্ধ করতে থাক অজ্ঞাত রাশির মানকে সমীকরন সমাধান বা মূলবোধ বলা হয়।

উদাহরন - 11

$2y+7=1-y$ সমাধান কর।

সমাধানঃ

$2y+7=1-y$ সমীকরনের উভয় পার্শ্বেরে অজ্ঞাত রাশি y রয়েছে, আমরা y এর বিভিন্ন মানের জন্যে বামপার্শ্ব ও দক্ষিন পার্শ্ব কে সরল করে 'y' এর কোন মানের জন্যে সমীকরনটি সিদ্ধ হবে, তা দেখব।

সমীকরন	চলরাশি 'y' এর মান	বাম পার্শ্ব	দক্ষিন পার্শ্ব
$2y+7=1-y$	0	7	1
	1	9	0
	-1	5	2
	-2	3	3

সারনীর y এর জন্যে নেওয়া সংখ্যা গুলিকে দেখে বোধন জিজ্ঞাসা করল- "আমরা ও প্রথম উদাহরনের x এ জন্যে ক্রমান্বয়ে 0, 1, 2, আদি মান নিচ্ছিলাম, এখানে y এর জন্যে 1 এর পরে -1 কেন নিলাম"?

তার কাছে তার বড় বোধন সীমা ছিলো - সে বলল "যখন y এর জন্যে 0 নিলে, বাম দিক ও ডান দিকে এর জন্যে পাওয়া মান দুটির পার্থক্য কত? রোবন হিসেব করল, $7-1=6$।

আবার y এর জন্যে 1 নেওয়া তে বাম দিক ও ডান দিকের জন্যে পেয়ে থাকা মান দুটির পার্থক্য কত হল?

বোধন আবার হিসেব করল $9-0=9$

বর্ত্তমান সীমা বলল "উভয় পাশের জন্যে পাওয়া পার্থক্য অধিক হওয়ার দেখা গেল। যদি y এর মান 2 নেওয়া হয়, এই পার্থক্য আর বাড়বে। ইহা পরীক্ষা করে দেখা যেতে পারে। তাই y এর জন্যে আর ধনাত্মক সংখ্যা না নিয়ে ঋনাত্মক সংখ্যা নেওয়া হল।

এখন সারনীতে 1 এর পরে কেন – 1 নেওয়া হল তা বোযন বুঝল।

এখানে আমরা দেখলাম y এর মান – 2 এর জন্যে সমীকরনের বামপার্শ্বে ও দক্ষিন পার্শ্ব সমান হল। অর্থাৎ y এর মান – 2 এর জন্যে সমীকরনটি সিদ্ধ হচ্ছে।

∴ সমীকরনের সমাধান হচ্ছে $y = -2$

পূর্বের সমাধান প্রনালীর থেকে জানা যায় ইহা অধিক সময় সাপেক্ষ। সমীকরনের মূল বড় সংখ্যা এই প্রনালীতে সমাধান করা অধিক সময়সিদ্ধ। তাই সমীকরনের একটা সহজ প্রনালী কেমন বের করা যাবে তা' এখানে আলোচনা করব।

সমীকরন এক সাধারন নিকতির সঙ্গে তুলনীয়। ইহার দুই পার্শ্ব নিকিতির দুই মল্লার সাদৃশ্য সময় (=) চিহ্নের বাম পার্শ্ব, বামপলার বাটখারা ও দক্ষিন পার্শ্ব দক্ষিন পার্শ্বর জিনিযের সহিত তুলনীয়। সমান (=) চিহ্নটি উভয় সমানতাকে সুচিয়ে থাকে।

বাম পাল্লার পাটখারা ও দক্ষিন পাল্লার জিনিষ উভয় ওজন সমান হয়ে থাকলে, নিকতির দন্ড ভূমির সহিত সমান্তর ভাবে থাকে ও কিতিটি সমতুল অবস্থায় আছে বলে বলা হয়। বাম পাল্লায় অধিক বাটখারা ফেললে ও দক্ষিন পাল্লায় সমান ওজনের জিনিষ নিলে, নিকতিটি সমতুল অবস্থায় থাকে। সেরকম সমান ওজনের বাটখারা ও জিনিষ বের করে নিলে নিকতির সমতুল অবস্থা অপরি বর্ত্তীতে থাকে।



এই সমীকরন ও একটা নিকতির সমতুল অবস্থার সহিত তুলনীয় তাই এক সমীকরনের ক্ষেত্রে নিম্ন নিয়ম সব প্রযুজ্য।

(a) এক সমীকরনে উভয় পার্শ্বয়ে সমান সংখ্যা যোগ করলে সমান তায় পরিবর্ত্তন ঘটেনা (যোগ নিয়ম)

যথা ; $x+3=7$ হলে, $x+3+5=7+5$ অর্থাৎ, $x+8=12$ হবে।

(b) এক সমীকরনের উভয় পার্শ্বর থেকে সমান সংখ্যাক বিয়োগ করলে, সমান তা অটুট থাকে। (বিয়োগ নিয়ম)

যথা : $3x+7=10$ হলে, $3x+7-7=10-7$ অর্থাৎ $3x=3$ হবে।

(c) এক সমীকরনের উভয় পার্শ্বকে সমান সংখ্যা দ্বারা গুনন করলে, সমান তা অপরিবর্ত্তিত থাকে (গুনন নিয়ম)

যথাঃ $\frac{x}{2}=5$ হয় তবে $\frac{x}{2}\times 4=5\times 4$ হবে।

অর্থাৎ $2x=20$ হবে।

(d) এক সমীকরনের উভয় পার্শ্বকে কে, অনশূন্য সংখ্যার সাহায্যে ভাগ করলে ও সমানতা অপরিবর্ত্তীত থাকে (ভাগ নিয়ম)

যথাঃ যদি $3x=21$ তবে $3x\div 3=21\div 3$ অর্থাৎ $x=7$ হবে।

উপরোক্ত নিয়ম গুলির সহায়তায়ে সমীকরনের সমাধান সহজে হয়ে থাকে।

নিম্ন উদাহরন গুলিকে লক্ষ কর।

উদাহরন - 12

সমাধান করঃ $x+3=9$

সমাধানঃ

$x+3=9$

বা, $x+3-3=9-3$ (উভয় পার্শ্বর থেকে 3 বিয়োগ করে)

বা, $x=6$

$\therefore$ সমাধান হচ্ছে $x=6$



বল দেখিঃ
ওপরের সমীকরনে (কেবল বামপার্শ্বর থেকে) 3 বিয়োগ করলে, সমীকরনটি সমতুল হয়ে থাকছে কি? কেন?

এহ সমাধান প্রক্রিয়া দেখে রেখা তার বন্ধু মিনুকে জিজ্ঞাসা করল সমীকরনের উভয় পার্শ্বে 3 বিয়োগ করা আবশ্যক বলে জানলে কি ভাবে?

মিলু উপর শ্রেনীতে পড়ে সে বললঃ

সমীকরনের বাম পার্শ্বতে থাকা, অজ্ঞাত রাশি x এর সহিত $+3$ রয়েছে। যেহেতু আমাদের x এর মান জানা দরকার, তাই বামদিকে কেবল x থাকা আমরা চাই, তাই বাম দিকের x এর সহিত যোগ করা 3 কে বের করে নেব যা আমাদের দরকার যোগ হয়ে থাক 3 কে বের করার জন্যে 3 বিয়োগ করা দরকার।

ইহা শুনে রেখা বলল, তবে যদি বাম পার্শ্বে $x-3$ থাক আমরা ও উভয় পার্শ্বে 3 যোগ করতাম।

মিনু বলল - ঠিক বলেছ।

শুদ্ধতা পরীক্ষনঃ

এখন 'x' এর মান 6 র জন্যে সমীকরন $x+3=9$ সিদ্ধ হচ্ছেইখ না দেখব।

বাম পার্শ্ব $= 6+3 = 9 =$ দক্ষিন পার্শ্বে

বল দেখি :
সমীকরনের বাম পার্শ্বে যদি হই (বা $x \times 2$) থাকত, তবে সমা ধীনের জন্যে কি করা হত।

উদাহরন - 13

সমাধান করঃ $x-3=7$

সমাধান $x-3=7$

বা, $x-3+3=7+3$

বা, $x=10$

বলত দেখি :
উদাহরন 13 র বাম পার্শ্বে x সহিত 3 যোগ করা হয়েছে কেন?

শুদ্ধতা পরীক্ষনঃ

($x = 10$ হলে, সমীকরনের বামপার্শ্বে $= x - 3 = 10 - 3 = 7$ = দক্ষিণ পার্শ্বে

∴ বাম পার্শ্ব = দক্ষিন পার্শ্ব

উদাহরন - 14

সমাধান কর : $7x + 41 = 62$

সমাধান :

$7x + 41 = 62$

বা $7x + 41 - 41 = 62 - 41$

(উভয় পার্শ্বের থেকে 41 বিয়োগ করায় অজ্ঞাত রাশি $7x$ এর মান পাওয়া গেল)

বা $7x + 0 = 21$

বা $7x = 21$

বা $\frac{7x}{7} = \frac{21}{7}$ (উভয় পার্শ্বকে 7 দ্বারা ভাগ করা হল)

বা $x = 3$



শুদ্ধতা পরীক্ষণ : x এর মান বাম পার্শ্বে '3' নিয়ে

বাম পার্শ্ব $= 7x + 41 = 62$

বা $7 \times 3 + 41 = 21 + 41 = 62$ = দক্ষিণ পার্শ্বে

∴ বামপার্শ্ব = দক্ষিণ পার্শ্বে

উদাহরন - 15

সমাধান কর : $2x - \frac{1}{3} = \frac{2}{3}$

সমাধান : $2x - \frac{1}{3} = \frac{2}{3}$

বা $2x - \frac{1}{3} + \frac{1}{3} = \frac{2}{3} + \frac{1}{3}$

বা $2x = \frac{2+1}{3} = \frac{3}{3}$

বা $2x = 1$

বা $x = \frac{1}{2}$

শুদ্ধতা পরীক্ষণ :

বামপার্শ্ব $= 2x - \frac{1}{3}$

$$= 2\times\frac{1}{2}-\frac{1}{3}$$

$$= 1-\frac{1}{3}=\frac{3-1}{3}=\frac{2}{3}$$

= বামপার্শ্ব

জেনে রাখ :

সমীকরনের বাম পার্শ্বের অর্ন্তগত রাশি (x, y বা যা কিছু) থাকা পদের সহিত অন্য যে পদ থাকে তাকে অপসরন করা যায়। অন্য পদটি যোগ করা হয়ে থাকলে, বিয়োগ নিয়ম ব্যবহার করা হয়, বিয়োগ হয়ে থাকলে, যোগ নিয়ম ব্যবহার করা হয়।

বামপার্শ্বে কেবল অজ্ঞাত রাশি x থাকা পদ থোকার সময়ে তার সহজ রূপে থাকা সংখ্যাকে বের করার জন্যে সংখ্যাটি x এর সহিত গুনন হয়ে থাকলে, হরন নিয়ম ব্যবহার করা হয়। সংখ্যাটি x এর সহিত হরন করা হয়, গুনন নিয়ম ব্যবহার করা হয়।

(ক) $3p-10=5$

বা $3p-10+10=5+10$

(এখানে বাম পার্শ্বে – 10 কে অপসরন করার জন্যে উভয় পার্শ্বে 10 যোগ করা হয়েছে)

ফলে আমরা পাব

$3p=5+10$

এখানে লক্ষ কর, সমীক বর্নের বাম পার্শ্বে থাকা –10 অপসারির হওয়ার জান পার্শ্বে + 10 পাওয়া গেছে, আমরা বলি বাম পার্শ্বে থাকা – 10 পদটির পার্শ্ব পরিবর্ত্তন করা হয়েছে।

সেরকম অন্য একটা উদাহরন দেখ।

(খ) $5x+12=27$

বা $5x+12-12=27-12$

বা $5x=27-12$

পূর্বের মত বাম পার্শ্বে থাকা + 12 পার্শ্ব পরিবর্ত্তন করলে দক্ষিন পার্শ্বে 12 বিয়োগ করতে পড়ে।

(গ) $3x=12$ ক্ষেত্রে বাম পার্শ্বের থেকে 3 অপসারিত করার জন্যে, আমরা উভয় পার্শ্বে 3 দ্বারা ভাগ করব।

এর ফলে আমরা পাব - $3x=12$

বা $\frac{3x}{3}=\frac{12}{3}$

বা $x=\frac{12}{3}$

আমরা দেখলাম, বাম পার্শ্বে x সহিত গুনন করে থাকা 3 টি ডান পাশে ভাগ করা হয়েছে।

(ঘ) $\frac{x}{5}=2$ ক্ষেত্রে বাম পার্শ্বের থেকে, আমরা উভয় 5 কে অবসরন করার জন্যে, আমরা উভয় পার্শ্বে কে 5 দ্বারা ভাগ করব।

তাই আমরা পাব - $\frac{x}{5}=2$

বা $\frac{x}{5}\times 5=2\times 5$

বা $x=2\times 5=10$

ଏଠାରେ ଦେଖିଲେ ବାମପାଖରେ ଥିବା x ର ଭାଜକ 5 କୁ ଅପସାରଣ କରିବା ଲାଗି, ଆମେ ଉଭୟ ପାର୍ଶ୍ୱକୁ 5 ଦ୍ୱାରା ଗୁଣନ କରିଛୁ।

তাই আমরা পাব - $\frac{x}{5}=2$

বা $x=2\times 5=10$

বাম পাশ থেকে অপসারন করা সংখ্যাটি ডান পাশে যাচ্ছে। ইহাকে পার্শ্বে পরিবর্ত্তন প্রক্রিয়া বলা হয়। আমরা সমীকরনটি সমাধান করার সময়ে যোগনিময়ম, বিয়োগ নিয়ম, আদি নিয়ম গুলিকে প্রয়োগ না করে। পার্শ্ব পরিবর্ত্তন প্রনালী অবলম্বন করে কি ভাবে সমীকরনটিকে সমাধান করব, তা নিম্ন উদাহরন দেখ।

উদাহরন - 16

সমাধান কর $4m+12=20$

সমাধান :

$4m+12=20$

বা $4m=20-12$ (12 এর পার্শ্ব পরিবর্ত্তন দ্বারা)

বা $4m=8$ (12 এর পার্শ্ব পরিবর্ত্তন দ্বারা)

বা $m=\frac{8}{4}$ ବା $m=2$

$\therefore$ সমীকরন সমাধান $m=2$

> **জান কি ?**
>
> কোন এক রাশির পার্শ্ব পরিবর্ত্তন করা গেল তার চিহ্ন্য পরিবর্ত্তন ঘটবে।

উদাহরন -17

সমাধান কর : $2p-1=p+5$

সমাধান :

$2p-1=p+5$

বা $2p-p=1+5$ (এখানে -1 এর পার্শ্ব পরিবর্ত্তন করা গিয়ে দক্ষিন পার্শ্বে যোগ হয়েছে এবং p র পার্শ্ব পরিবর্ত্তড় করা গিয়ে বাম পাশ থেকে ইহাকে বিয়োগ করা হয়েছে। এর দ্বারা অজ্ঞাত রাশি p কে কেবল বামপাশে রাখা হয়েছে।)

বা $p=6$ (উত্তর)

আমরা এখন পর্যন্ত কোন সমীকরনকে তার সমাধান নির্ণয় করলে, এখন তা'র ঠিক উল্টো পরিস্থিতি সম্পর্কে আলোচনা করব। যে কোন সমাধান থেকে সমীকরন নির্ণয় করব।

ডবল ব্ল্যাক বোর্ডএ $x=4$ লেখন।

ইহাকে লক্ষ করে কমল $x+5=9$ লিখল।

সুব্রত হঠাৎ দাড়িয়ে পড়ে বলল $3x+2=14$ ।

কমল ও সুব্রত লিখে সমীকরন দুটি সমাধান করা যখন ব্ল্যাক বোর্ড এ লিখে থাক সমাধান পাওয়া গেল কি? লক্ষ্য কর, ধবলে লেখা থাকা, সমাধানের জন্যে একাধিক সমীকরন তৈরি হতে পারল। $x = 5$ জন্যে, তুমি আর দুটি সমীকরন তৈরী কর।

নিজে করে লেখ।

- $a=6$ নাও।
- এটিকে নিয়ে চারটি ভিন্ন ভিন্ন সমীকরন তৈরি কর।
- তুমি তৈরী করে থাক সমীকরন চারটিকে তোমার শ্রেনীর চারজন বাচ্চাচেক সমাধান করতে দাও।
- তার সমাধান করে a এর মান কত পেলো?
- তারা $a=6$ পেলো কি?

অভ্যাস কার্য্য 6.5

1. প্রত্যেক সমীকরনের জান দিকের বন্ধনীর মধ্যে থাকা সংখ্যাদের মধ্যে কোনটি সমীকরনের মূল, তা বেছে লেখ।

(ক) $3x-7=2$ [0, 1, 2, 3]

(খ) $2y+3=y+2$ [0, 1, −1, 2]

(গ) $\frac{z}{5}=3$ [12, 15, 18, 9]

(ঘ) $\frac{y}{5}-2=1$ [4, 8, 12, 15]

(ঙ) $30-5x=x-6$ [2, 5, 6, −6]

2. অজ্ঞাত রাশির জন্যে ভিন্ন ভিন্ন মান নিয়ে পরীক্ষা দ্বার সমাধান কর।

(ক) $2x+3=13$ (খ) $3-x=x-5$

(গ) $4x=20$ (ঘ) $3y-2=7$

3. সমীকরনের যোগ, বিয়োগ, গুনন ও ভাগ নিয়মদের মধ্যে থেকে উপযুক্ত নিয়ম প্রয়োগ করে সমাধান কর।

(ক) $x+5=2$ (খ) $z-4=0$

(গ) $y-3=2-y$ (ঘ) $5x-3=2$

4. পার্শ্ব পরিবর্ত্তন প্রক্রিয়া অবলম্বন করে সমাধান কর :

(ক) $3x-2=46$ (খ) $5m+7=17$ (গ) $2q+6=12$

(ঘ) $\frac{2a}{3}=6$ (ঙ) $\frac{3p}{3}=6$ (চ) $2q+7=q+9$

নিজে করে দেখ

এস খেলব,

তোমার বয়স কত ?

- তোমার বয়সাভাব। তার সাথে 5 যোগ কর।
- দাওয়াঁ যোগফলের 2 গুনন কর।
- গুনফল থেকে 10 বিয়োগ কর
- এখন পেয়ে থাকা সংখ্যার থেকে তুমি ভেবে থাকা, তোমার বয়সের সংখ্যা কে বিয়োগ কর।
- তুমি যে পেলে তা ভেবে থাকা সংখ্যা কি ?

ইহা কেমন জানা গেল ? একে নিম্ন মতে প্রকাশ করতে পারব ।

তোমার বয়সকে x ধর।

বয়সে 5 যোগ করব। $=x+5$

পেয়ে থাকা যোগফলে 2 গুনব $=2(x+5)=2x+10$

10 বিয়োগ করব $=2x+10-10=2x$

ভেবে থাকা বয়স বিয়োগ করব $=2x-x=x$

অর্থাৎ তুমি ভেবে থাকা তোমার বয়স পেয়ে গেল,

সে ভাবে অনেক সমীকরন তৈরী করতে পাবর

যেমন কোন সংখ্যায় 2 গুনে 3 মেশালে 5 হবে $2x+3=5$

তুমি এই ভাবে কত গুল সমীকরন তৈরী কর।

সপ্তম অধ্যায়

ত্রিভুজের ধর্ম

7.1 আমরা যা জানি :

A, B, C এ সরলরেখায় না থাকা তিনটি বিন্দু হলে $\overline{AB}$, $\overline{BC}$ ও $\overline{CA}$ রেখা খন্ড তিনটির দ্বারা গঠিত চিত্র হচ্ছে, একটা ত্রিভুজ এবং এর নাম Δ ABC (কে 7.1)। পার্শ্ব বিন্দু বলা হয়।



চিত্র 7.1

A, B, ও C কে Δ ABC পার্শ্ব বিন্দু বলা হয়।

$\overline{AB}$, $\overline{BC}$ ও $\overline{CA}$ কে Δ ABC বাহু বলা হয়।

$\angle A$, $\angle B$ ও $\angle C$ কে Δ ABC কোন বলা হয়।

$\angle A$ র এর সম্মুখীন বাহু $\overline{BC}$ ও বাহু $\overline{BC}$ সম্মুখীন কোন হচ্ছে $\angle A$।

(ক) সেই রকম $\angle B$ ও $\angle C$ র সম্মুখীন বাহু স্থির কর।

(খ) XYZ নামক একটি ত্রিভুজ অঙ্কন কর। XY, YZ ও ZX এর সম্মুখীন কোন গুলির নাম লেখ।

বাহুদের মাপ অনুযায়ী ত্রিভুজের বিভাগীকরন নিম্ন প্রকারে করা যেতে পারে।

(ক) সমবাহু ত্রিভুজ (খ) সমদ্বিবাহু ত্রিভুজ (গ) বিষম বাহু ত্রিভুজ

সেরকম কোনদের পরিমানের পরিপ্রেক্ষীতে ত্রিভূজের বিভাগীকরন হচ্ছে।

(ক) সুক্ষ্মকোনী ত্রিভুজ (খ) স্থুলকোনী ত্রিভুজ (গ) সমকোনী ত্রিভুজ

অভ্যাস কার্য্য 7.1

1. (ক) Δ PQR রে $\underline{QR}$ এর সম্মুখীন কোনের নাম লেখ।

   (খ) Δ DEF এ $\angle E$ র সম্মুখীন বাহুর নাম লেখ।

   (গ) Δ KLM এ M শিখর সম্মুখীন বাহুর নাম লেখ।

2. নিম্ন চিত্রে বিভিন্ন ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ও কোনের পরিমান মান দেওয়া হয়েছে। সেগুলি দেখে নিম্ন প্রশ্নের গুলির।













উপরোক্ত ত্রিভুজের নাম করন কর।

(ক) বিষম বাহু ত্রিভুজ (খ) সমদ্বিবাহু ত্রিভুজ (গ) সমবাহু ত্রিভুজ

(ঘ) সমকোনী ত্রিভুজ (ঙ) স্থুলকোনী ত্রিভুজ (চ) সূক্ষ্মকোনী ত্রিভুজ

7.2 ত্রিভুজ সম্পৃক্ত কতক স্বতন্ত্র রেখা খন্ড।

(ক) ত্রিভুজের মধ্যমা :



চিত্র 7.2

চিত্র 7.2 যে থাকা Δ ABC র $\overline{BC}$ বাহুকে দেখ। $\overline{BC}$ প্রতি মধ্যমা D ।

$\overline{BC}$ বাহুর মধ্যবিন্দু A । AD কে Δ ABC র একটা মধ্যমা বলা হয়।

তাই আমরা জানলাম :

> **ত্রিভুজের একটি বাহুর মধ্য বিন্দুও উক্ত বাহুর সম্মুখীন শীর্ষ বিন্দুর সংযোজকে রেখা খন্ডকে ত্রিভুজের একটা মধ্যমা বলা হয়।**



চিত্র 7.3

চিত্র 7.2 অঙ্কন করা হয়ে থাকা মধ্যমা হচ্ছে BC প্রতি মধ্যমা

$\overline{CA}$ ও $\overline{AB}$ র মধ্য বিন্দু নিয়ে আর দুটি মধ্যমা অঙ্কন করা যেতে পারে, সিগুলিকে চিহ্নটি কর।


নিজে করে দেখ:

- একটা ত্রিভুজ অঙ্কন কর এর নাম দাও DEF ।
- Δ DEF এর বাহু $\overline{DE}$, $\overline{EF}$ ও $\overline{FD}$ র মধ্য বিন্দু চিহ্নত কর। মধ্য বিন্দু তিনটির নাম দাও K, L, M ।
- $\overline{KF}$, $\overline{LD}$ ও $\overline{ME}$ মধ্যমা তিনটি অঙ্ক কর। $\overline{KF}$ ও $\overline{LD}$ র ছেদ বিন্দুটি মধ্যমার, ওপরে থাকল কিম্বা বায়েরে থাকল দেত্বলে? এখান থেকে আমরা কি লিখলাম?
  তুমি নিশ্চই লক্ষ করে থাকবে যে $\overline{KF}$ ও $\overline{LD}$ র ছেদ বিন্দু $\overline{ME}$ মধ্যমার ওপরে থাকবে। অথাৎ মধ্যমা তিনটি এর বিন্দুগামী।

(খ) ত্রিভুজে উচ্চতা :



চিত্র 7.4

চিত্র 7.4 এ থাকা Δ ABC র শীর্ষ বিন্দু A থেকে $\overline{BC}$ প্রতি $\overline{AD}$ লম্বা অঙ্কন করা হয়েছে।

$\overline{AD}$ বাহুকে Δ ABC র $\overline{BC}$ বাহু প্রতি অঙ্কিত লম্ব বলে বলা হয়। দৈর্ঘ্য $\overline{AD}$ কে Δ ABC এর $\overline{BC}$ প্রতি উচ্চতা বলা হয়।

শীর্ষ বিন্দু B এর থেকে $\overline{AC}$ বাহুর প্রতি ও শীর্ষ বিন্দু C র থেকে $\overline{AB}$ বাহুর প্রতি ও এখন একটা লম্ব অঙ্কন করা যেতে পারে। সে দুটি ও Δ ABC র অন্য দুটি লম্ব।



চিত্র 7.5

নিজে করে দেখ:

- Δ DEF অঙ্কন কর।
- সেট স্কোয়ারের সাহায্যে D বিন্দুর $\overline{EF}$ প্রতি লম্ব অঙ্কন কর। ও লম্বের পায়ের বিন্দুর নাম দাও X।
- সে রকম E বিন্দুর থেকে $\overline{DF}$ প্রতি লম্ব অঙ্কন কর। ও এই লম্বের পায়ের বিন্দুর নাম দাও Y।
- পুনশ্চ পূর্বের মতন F বিন্দুর থেকে $\overline{DE}$ প্রতি লম্ব অঙ্কন কর ও পায়ে বিন্দুর নাম Z। দাতা এমন Δ DEF এর $\overline{EF}$ প্রতি লম্ব $\overline{DX}$, $\overline{FD}$ প্রতি লম্ব $\overline{EY}$ ও $\overline{DE}$ প্রতিলম্ব $\overline{FZ}$ লেখ।
- বলত দেখি, $\overline{DX}$, $\overline{EY}$ ও $\overline{FZ}$ লম্ব তিনটি পরস্পর কে একটা বিন্দুতে ছেদ করতে থাকায় দেখছ অথবা ভিন্ন ভিন্ন বিন্দুতে ছেদ করা দেখছ?

তোমরা নিশ্চই দেখছ যে, লম্ব এর পরস্পরকে একটা বিন্দুতে ছেদ করছে অর্থাৎ ত্রিভুজের লম্ব তিনটি এক বিন্দু গামী।

7.3 ত্রিভুজর বহিস্থকোন ও ইহার ধর্ম :



চিত্র 7.6

ত্রিভুজের তিনটি কোন থাকে, তা তোমরা জান। ত্রিভুজের প্রত্যেক কোন থেকে ত্রিভুজের অন্তস্থ কোন বলে ও বলা হয়।

চিত্র 7.6 এ থাকা Δ ABC কে দেখ। $\overrightarrow{BD}$ রশ্মি অঙ্কন কর, যেমন $\overline{BC}$ বাহু $\overrightarrow{BD}$ এর অংশ হয়ে থাকবে।

এখন বল, $\overrightarrow{CD}$ ও $\overline{CA}$ দ্বারা কোন কোন উৎপন্ন হচ্ছে?

উৎপন্ন কোন হচ্ছে $\angle ACD$ ।

$\angle ACD$ কে Δ ABC রে একটা বহিস্থ কোন বলা হয়। এরকম Δ ABC র কয়টি বহিস্থ কোন সম্ভব?

নিম্ন চিত্র কে দেখ।

জান কি ?

$\overrightarrow{CD}$ কে আমার মধ্যে $\overline{BC}$ এর বর্দ্ধিতাংশ বলে। $\overline{BC}$ এর বর্দ্ধিতাংশ $\overrightarrow{CD}$ সহ $\overline{AC}$ বাহু বহিস্থ $\angle ACD$ কোন উৎপন্ন করে বলে মধ্যক বলে।



চিত্র 7.7

Δ ABC এ প্রত্যেক শীর্ষ বিন্দুতে দুটি করে বহিস্থ কোন সম্ভব।

চিত্র 7.8 তে Δ ABC র একটা বহিস্থ কোন $\angle ACD$ ।

